The Most Circulated Bengali Newspaper in North America | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

The Weekly Ajkal ◆ Vol.12, Issue 612 ◆ 05 June 2020 ◆ শুক্রবার ২২ জ্যৈষ্ঠ ১৪২৭ ◆ www.ajkalnewyork.com





জাতিসংঘের শুভেচ্ছাদূত হলেন তামিম : পৃষ্ঠা-২৮

সমকালীনন বিভিন্ন বিষয়ে লেখা ও কলাম : পৃষ্ঠা ৫-১০

বাংলাদেশে করোনায় মৃত্যু ৮শ আক্রান্ত ৬০ হাজার : পৃষ্ঠা-৩

প্রিয়াঙ্কার 'বেওয়াচ'কে অর্থহীন বললেন পামেলা : পৃষ্ঠা-২৩

# লুটপাট-সহিংসতা বন্ধে সেনা মোতায়েন

**আজকাল রিপোর্ট**

পুলিশি নির্যাতনে জর্জ ফ্লয়েড নামের একজন কৃষ্ণাঙ্গ ব্যক্তির মৃত্যুর প্রতিবাদে শুরু হওয়া বিক্ষোভ থামাতে প্রায় ২০০ বছরের পুরোনো রীতি ভেঙে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দেশজুড়ে সেনা মোতায়েনের চিন্তাভাবনা করছেন। এ নিয়ে প্রেসিডেন্টের সাথে খোদ প্রতিরক্ষামন্ত্রী মতবিরোধ দেখা দিয়েছে। গতকাল বৃহস্পতিবার পরিস্থিতি নিয়ন্ত্রণে ওয়াশিংটন ডিসি, পেনসিলভেনিয়ার ফিলাডেলফিয়া সহ বিভিন্ন স্থানে ন্যাশনাল গার্ড আর্মি নামনো হয়। এদিকে, দেশজুড়ে বিক্ষোভ সহিংস দাঙ্গায় রূপ নিয়েছে। বিভিন্ন স্থানে সংঘবদ্ধ দুস্কৃতিকারীরা ব্যাপক লুটপাট চালিয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে নিউইয়র্কসহ অন্যান্য নগরীতে কারফিউ জারি করা হয়েছে। নিউইয়র্কের ম্যানহাটনে কারফিউ ভঙ্গ করে ১ জুন রাত থেকে ম্যানহাটানে অগ্নিসংযোগ ও লুটতরাজ শুরু হয়েছে।

'উই ওয়ান্ট জাস্টিস' ও 'ব্ল্যাক লাইভস মেটার' স্লোগানে উত্তাল হয়ে উঠেছে আমেরিকা। নজিরবিহীন বিক্ষোভ ও সহিংসতায় বেসামাল হয়ে উঠেছে আমেরিকার অনেক নগরী। খোদ হোয়াইট হাউসের সামনে ক্ষুব্ধ প্রতিবাদকারীদের উদ্দেশ্যে কাঁদানে গ্যাসের শেল ও রাবার বুলেট ছুড়ে পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে হচ্ছে। এরই মধ্যে নিরাপত্তার প্রয়োজনে হোয়াইট হাউজের সুরঙ্গ বাঙ্কারে কিছু সময় অবস্থান করেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। যদিও বিভিন্ন গণমাধ্যমের এ খবর প্রত্যাখান করে প্রেসিডেন্ট জানান, তিনি সেখানে অবস্থান করেননি, বাঙ্কার পরিদর্শনে ↘ এরপর ৩০ পৃষ্ঠায়

## যুক্তরাষ্ট্রে বিক্ষোভে গ্রেফতার ১০ হাজার ছাড়ালো




*যুক্তরাষ্ট্রের বিভিন্ন শহরে সহিংস দাঙ্গা রুখতে বৃহস্পতিবার সেনা মোতায়েন করা হয়*

## শেষকৃত্য সম্পন্ন করোনায় আক্রান্ত ছিলেন ফ্লয়েড



**আজকাল রিপোর্ট**

পুলিশি হত্যাকান্ডের শিকার জর্জ ফ্লয়েড করোনা ভাইরাসে আক্রান্ত ছিলেন। হেনেপিন কাউন্টি প্রকাশিত নতুন এক অটোপসি রিপোর্টকে ↘ এরপর ৩০ পৃষ্ঠায়

# বাড়ি ভাড়া মওকুফের বিল পাশ

**আজকাল রিপোর্ট**

করোনা ভাইরাস মহামারির মধ্যেই আগামী ৮ জুন প্রথম ধাপে নিউইয়র্ক সিটি খুলছে। দ্বিতীয় ধাপে পুরোপুরি খুলে দেওয়া হবে ২৫ জুন। এদিকে, করোনা পরিস্থিতিতে নিউইয়র্কে বাড়িভাড়া মওকুফের বিল পাশ হয়েছে। স্টেট এসেম্বলি ও সিনেট উভয় স্থানেই বিলটি পাশ হয়। বিল পাশের পর এটি গভর্নর অ্যান্ড্রু কুমোর কাছে পাঠানো হয়েছে। গভর্নর বিলটি সাক্ষর করার পর এটি আইনে পরিণত হবে এবং কার্যকর হবে। বিলে করোনা ভাইরাস মহামারির ফলে সৃষ্ট পরিস্থিতি মোকাবিলায় এপ্রিল, মে, জুন ও জুলাই– চার মাসের জন্য বাড়িভাড়া মওকুফের প্রস্তাব রাখা হয়েছে।

এ বিষয়ে মূলধারার রাজনীতি, মাস্টারঅব ল মোহাম্মদ এন. মজুমদার আজকাল'কে বলেন, বিলটি এসেম্বলি ও সিনেটে পাশ হয়েছে। এটি পুঙ্খানুপুঙ্খ যাচাই করে দেখবেন গভর্নর অ্যান্ড্রু কুমো। তারপর তিনি ↘ এরপর ৩০ পৃষ্ঠায়

## নিউইয়র্ক সিটি প্রথম ধাপে খুলছে ৮ জুন, দ্বিতীয় ধাপে ২৫ জুন

## নিউইয়র্কে ৭৭ বছর পর কারফিউ

**আজকাল রিপোর্ট**

নিউইয়র্কে চলমান সহিংস দাঙ্গা নিয়ন্ত্রণে কারফিউ ঘোষণা করেছেন সিটি মেয়র বিল ডি ব্লাজিও। ৭৭ বছরের মধ্যে নিউইয়র্ক সিটিতে প্রথ মবারের মতো কারফিউ জারি করা হয়। ১ জুন ↘ এরপর ২২ পৃষ্ঠায়

বিমান চালুর পর সিদ্ধান্ত

## ইমিগ্রান্ট ভিসার মেয়াদ বাড়ানোর চিন্তাভাবনা

**আজকাল রিপোর্ট**

করোনা ভাইরাসের কারণে আন্তর্জাতিক রুটে বিমান চলাচল বন্ধ এবং নাগরিক অথবা স্থায়ী বাসিন্দা ছাড়া অন্যদের যুক্তরাষ্ট্রে প্রবেশে নিষেধাজ্ঞা জারি করা হয়। এরফলে ইমিগ্রেশন ভিসা নিয়ে আমেরিকায় আসার অপেক্ষায় থাকা বিপুল সংখ্যক বাংলাদেশি সময় মতো এদেশে প্রবেশ করতে ↘ এরপর ৩০ পৃষ্ঠায়

## বাংলাদেশে ২০ লাখ গার্মেন্ট শ্রমিক ছাঁটাইয়ের আশঙ্কা

**মাসুদ হোসেন,** *ঢাকা থেকে*



মার্কিন যুক্তরাষ্ট্রসহ পশ্চিমের ক্রেতারা তৈরী পোশাকের অর্ডার একে একে বাতিল করছেন। ফলে বাংলাদেশে পোশাক কারখানাগুলো চালু রাখা যাচ্ছে না। অনেক কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। চলতি জুনেই প্রায় ২০ লাখ গার্মেন্ট শ্রমিক ছাটাই হওয়ার আশঙ্কা করা হচ্ছে। উদ্ভূত পরিস্থিতিতে জাতিসংঘ মহাসচিব অ্যান্তনিও গুতেরেসের হস্তক্ষেপ চেয়ে তার ↘ এরপর ৩০ পৃষ্ঠায়

আটকেপড়া বাংলাদেশিরাও দেশে যাচ্ছেন

## চারগুন বেশি ভাড়া দিয়ে ফিরছেন প্রবাসীরা

**আজকাল রিপোর্ট**

করোনা ভাইরাসের কারণে উদ্ভূত পরিস্থিতিতে যুক্তরাষ্ট্রে আটকেপড়া বাংলাদেশিদের দেশে প্রত্যাবর্তনের জন্য ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাস এবং নিউইয়র্ক ও লস অ্যাঞ্জেলেস কনস্যুলেট আরও একটি বিশেষ ফ্লাইট পরিচালনার উদ্যোগ নিয়েছে। আগামীকাল শনিবার কাতার ↘ এরপর ৩০ পৃষ্ঠায়

MHC MARKS HOME CARE
'মার্কস্ হোম কেয়ার'-এর বিজ্ঞাপন দেখুন ২ ও ৭৯ পৃষ্ঠায়
সঠিক হোম কেয়ারের সেবা পেতে ফোন করুন-718 697 7717

মনি হোম কেয়ার-এর বিজ্ঞাপন দেখুন ৪ পৃষ্ঠায়

ডিজিটাল ওয়ান দিচ্ছে সর্বোচ্চ রেট, 1 ডলার=87.20 টাকা
বিস্তারিত জানতে কল করুন: ৭১৮-৩৯৬-৪৮৯০

Arafa Travel and Tours
Arafa Travels has provided Umrah services for 20 years, with exceptional service. It is our top priority to ensure this journey for you and your family is to full satisfaction.
Licensed by Saudi Hajj Ministry
হজ ২০২০ বুকিং চলছে
● রমজানের শেষ ১০দিনের ওমরা বুকিং চলছে ● আপনার পছন্দমতো ওমরা প্যাকেজ ● হজ ও ওমরা শেষে বাংলাদেশে যাওয়ার ব্যবস্থা
বুকিং এর জন্য অতিসত্ত্বর যোগাযোগ করুন:
70-50 Broadway, Jackson Heights, NY 11372. PH: 718 -777-8744

ইউনাইটেড এস্টোরিয়া হালাল লাইভ পোলট্রি
FREE
38-21 31st Street, Astoria, NY 11106

Mortgage Mortgage Mortgage
MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.
বাড়ি কেনার পূর্বে pre-qualified লেটার বিনামূল্যে সংগ্রহ করুন।
Purchase or Refinance
Nasiruddin M Laskar
917-400-5728
NMLS ID 1312055
Call Nasir Today for
Low Closing Costs and Good Rate
917-400-5728
All pre-qualification letters are issued based upon review

BISMILLAH
HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ট চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

স্বল্পমূল্যে টিএলসি ইন্স্যুরেন্স
আমরা সব ধরনের ইন্স্যুরেন্স করি
212-721-0001
RAJIB AHMED
President & CEO
MEGA Insurance

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Digital One Travel
JACKSON HEIGHTS NEW YORK
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
সুপার সেল $৫৪৯+
ফোন: 718-396-4890, 917-592-7828

# MARKS HOME CARE
## মার্কস্ হোম কেয়ার
MHC

E-mail : info@markshhc.com | www.markshhc.com



মেডিকেইড অনুমোদিত CDPAP-এর আওতায় আপনার পছন্দসই প্রিয়জনের মাধ্যমে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা গ্রহন করুন এবং উক্ত ব্যক্তিকে আকর্ষণীয় সাপ্তাহিক উপার্জনের সুযোগ করে দিন।

FOLLOW US ON
FOR LATEST EVENTS, PRIZES AND GIVEAWAYS

**CDPAP গ্রাহকদের জন্য সুখবর ! !**
**Good News for CDPAP Clients ! !**

আমাদের সাথে CDPAP সার্ভিস অপরিবর্তিত থাকবে ।

সার্টিফিকেটের প্রয়োজন নেই।

আমরা CDPAP এর নুতন গ্রাহক এবং এজেন্সী ট্রান্সফার সাদরে গ্রহণ করছি।

**With us CDPAP Services will continue uninterrupted.**

**No Certificate Necessary.**

**We Welcome Agency Transfers and New CDPAP Clients.**

**বিস্তারিত জানতে কল করুন 718-697-7717**

**Bronx Office**
1514 CASTLE HILL AVE, BRONX, NY 10462
Time: Mon-Sat, 9am-5pm

**Bay Ridge**
413 Bay Ridge Ave
Brooklyn, NY 11220
Time: Mon-Fri, 9am-5pm

**Corona**
40-04 Junction
Blvd, NY 11368
Time: Mon-Sat, 9am-5pm

**Brooklyn**
219 Church Ave
Brooklyn, NY 11218
Time: Mon-Fri 9am-6pm, Sat 9am-3pm

**Jackson Heights**
37-20 74th St (2nd fl)
Jackson Heights, NY 11372
Time: 7 Days, 10am-8pm

**Buffalo**
737 Delware Ave, (Suite 215)
Buffalo, NY 14209
Time: Mon-Fri, 9am-5pm

**Jamaica**
148-37 Hillside Ave
Jamaica, NY 11435
Time: 7 Days, 9am-7pm



**Coney Island**
1122 Coney Island Ave,
Suite 220, Brooklyn, NY 11230
Time: Mon-Fri, 9am-5pm

**Rego Park**
97-17 64th Road
Rego Park, NY 11374
Time: Mon-Fri, 9am-5pm

**Brooklyn**
2165 Nostrand ave.
Brooklyn NY. 11210.

**Bronx**
1050 Morris park ave
Bronx NY 10461.

★ শেষ পৃষ্ঠার পূর্বের পৃষ্ঠায় আমাদের আরও বিজ্ঞাপন দেখুন । ★

জেসমিন সুলতানার কলাম- মানবজাতি কি করোনার শিক্ষা নেবে? ০৭ পৃষ্ঠায়

ডা. মালিহা মান্নান আহমেদ লিখেছেন- বাসায় কীভাবে করোনা এলো? ০৮ পৃষ্ঠায়

তানিজা খানম জেরিনের লেখা- সামাজিক মাধ্যমে গ্রুপের যন্ত্রণা ০৯ পৃষ্ঠায়




# বাংলাদেশে ৮শ মৃত্যু : আক্রান্ত ৬০ হাজার

**মাসুদ হোসেন,** *ঢাকা থেকে*

### করোনায় একদিনে রেকর্ড ৩৫ জনের মৃত্যু, শনাক্ত ২৪২৩

বাংলাদেশে গত ২৪ ঘণ্টায় করোনায় আরও ৩৫ জনের মৃত্যু হয়েছে। এই নিয়ে করোনায় মৃতের সংখ্যা দাঁড়ালো ৭৮১ জনে। গত ২৪ ঘণ্টায় আরও দুই হাজার ৪২৩ জন করোনা রোগী শনাক্ত হয়েছেন। এই নিয়ে দেশে এখন পর্যন্ত মোট ৫৭ হাজার ৫৬৩ জন করোনা রোগী শনাক্ত হলেন। গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৫৭১ জন। এখন পর্যন্ত মোট সুস্থ হয়েছেন ১২ হাজার ১৬১ জন। বৃহস্পতিবার (৪ জুন) বেলা আড়াইটায় কোভিড-১৯ সম্পর্কিত সার্বিক পরিস্থিতি জানাতে স্বাস্থ্য অধিদফতরের নিয়মিত স্বাস্থ্য বুলেটিনের আয়োজন করা হয়। সেখানে এসব তথ্য জানান স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত *এরপর ৩০ পৃষ্ঠায়*


*করোনা ভাইরাসে আক্রান্ত রোগীদের সেবা দিতে হিমশিম খাচ্ছেন চিকিৎসকেরা*

## বাংলাদেশে করোনায় ১৮ চিকিৎসকের মৃত্যু

**ঢাকা প্রতিনিধি**

করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে দেশে এখন পর্যন্ত ১৮ জন চিকিসক মারা গেছেন। এছাড়া করোনায় আক্রান্ত হয়েছেন এক হাজারেরও বেশি চিকিৎসক। চিকিৎসকদের সংগঠন ফাউন্ডেশন ফর ডক্টরস সেফটি রাইটস অ্যান্ড রেসপন্সিবিলিটিস (এফডিএসআর) এই তথ্য জানিয়েছে। বৃহস্পতিবার (৪ জুন) দিনগত রাতে *এরপর ৩২ পৃষ্ঠায়*

### চার পুলিশের বিরুদ্ধে অভিযোগ গঠন

## জর্জ ফ্লয়েড হত্যায় তিন পুলিশের জামিন

**আজকাল রিপোর্ট**

জর্জ ফ্লয়েডকে হত্যার ঘটনায় বরখাস্ত হওয়া চার পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে নতুন অভিযোগ গঠন করা হয়েছে। ফ্লয়েডকে চেপে ধরা পুলিশ কর্মকর্তা ডেরেক চাওভিনের বিরুদ্ধে উদ্দেশ্যমূলক হত্যার *এরপর ৩২ পৃষ্ঠায়*

## জাতিসংঘ মহাসচিবকে পররাষ্ট্রমন্ত্রীর চিঠি

**আজকাল রিপোর্ট**

প্রবাসী বাংলাদেশি কর্মীদের সমস্যা সমাধান করতে জাতিসংঘ মহাসচিব অ্যান্তনিও গুতেরেসের হস্তক্ষেপ চেয়েছে বাংলাদেশ। মহাসচিবের কাছে পাঠানো এক চিঠিতে পররাষ্ট্রমন্ত্রী একে আবদুল মোমেন দুটি প্রস্তাব দিয়েছেন। এক. বিদেশে বাংলাদেশের কর্মী যেন অনাহারে না থাকেন, দুই. কর্মীদের চাকরি থেকে ছাঁটাই করতে হলে ৬ মাসের বেতন অগ্রিম দিতে হবে। এ বিষয়টি কর্মী গ্রহণকারী *এরপর ৩২ পৃষ্ঠায়*



## ওয়াশিংটন ডিসিতে গান্ধীমূর্তিতে হামলা

**আজকাল রিপোর্ট**

বিশ্বজুড়ে অহিংস আন্দোলনের পথিকৃত ভারতের জাতীয় নেতা মহাত্মা গান্ধীর মূর্তি ভাংচুর চালিয়েছে একদল অজ্ঞাত দুষ্কৃতিকারী। পুলিশি হেফাজতে কৃষ্ণাঙ্গ আমেরিকান জর্জ ফ্লয়েডকে গলায় পা দিয়ে হত্যার প্রতিবাদে উত্তাল যুক্তরাষ্ট্র। করোনার স্বাস্থ্যবিধি ও *এরপর ৩২ পৃষ্ঠায়*

## সেনা মোতায়েনে প্রতিরক্ষামন্ত্রীর বিরোধিতা

**আজকাল রিপোর্ট**

পুলিশি হেফাজতে কৃষ্ণাঙ্গ যুবক জর্জ ফ্লয়েড হত্যাকান্ডের ঘটনায় যুক্তরাষ্ট্রজুড়ে বিক্ষোভ অব্যাহত রয়েছে। কারফিউ উপেক্ষা করে হাজার হাজার মানুষ নবম দিনের মতো বিক্ষোভ করেছেন। নিউইয়র্ক থেকে লস অ্যাঞ্জেলেস পর্যন্ত শহরগুলোয় তারা ব্যাপক পরিবর্তনের আহ্বান জানিয়েছেন। বিক্ষোভকারীদের দমনে সেনা মোতায়েনের বিরোধিতা করেছেন প্রতিরক্ষামন্ত্রী মার্ক এসপার। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরোধিতা করে তিনি মন্ত্রিত্ব খোয়ানোর মুখে পড়েছেন।

যুক্তরাষ্ট্রে বিক্ষোভকারীদের গ্রেফতারের সংখ্যা ১০ হাজার ছাড়িয়ে গেছে। এদিকে, আমেরিকার বর্ণবাদবিরোধী বিক্ষোভ ব্রিটেন, জার্মানি, ফ্রান্সসহ বেশ কয়েকটি দেশে ছড়িয়ে পড়েছে। 'ব্ল্যাক লাইভস ম্যাটার' বিক্ষোভে উত্তাল লন্ডনে ১৩ জনকে আটক করা *এরপর ৩২ পৃষ্ঠায়*

## বর্ণবাদ বিরোধী বিক্ষোভে ট্রাম্প কন্যার সমর্থন

**আজকাল রিপোর্ট**

পুলিশি হেফাজতে কৃষ্ণাঙ্গ হত্যার প্রতিবাদে এবার সরব হয়েছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ছোট মেয়ে টিফানি ট্রাম্প। জর্জ ফ্লয়েড হত্যার প্রতিবাদ ও সামাজিক সাম্যের দাবিতে দেশটিতে চলমান বিক্ষোভ কর্মসূচির প্রতি সমর্থন জানিয়েছেন তিনি। শুধু টিফানি নন, তার মা ডোনাল্ড ট্রাম্পের সাবেক স্ত্রী মার্লা ম্যাপলসও বিক্ষোভকারীদের প্রতি সংহতি জানাতে সামাজিক যোগাযোগ মাধ্যমে কালো স্ক্রিনের ছবি পোস্ট করেছেন।

গত ১ জুন দিনভর বিক্ষোভকারীরা হোয়াইট হাউজের সামনে অবস্থান নেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ কাঁদানে গ্যাসের শেল ও *এরপর ৩০ পৃষ্ঠায়*



# মনি হোম কেয়ার

**আপনার বয়স্ক আত্মীয় স্বজন ও প্রতিবেশীদের স্বাস্থ্য সেবা করার মাধ্যমে প্রতি মাসে প্রচুর অর্থ আয় করার সুবর্ণ সুযোগ!**



**আপনারা হেলথ ফাস্ট ইন্স্যুরেন্স ঠিক রেখেও সার্ভিস নিতে পারেন**

* এমনকি ঘরে বসে আপনার মা, বাবাকেও সেবা প্রদান করে এই অর্থ আয় করতে পারেন।
* আমরা এ ব্যাপারে ১০০% সহযোগিতা দিয়ে থাকি।
* অযথা ঘরে বসে থেকে সময় নষ্ট না করে এখনই আমাদের সাথে যোগাযোগ করুন।
* বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন।
* জ্যাকসন হাইটসের প্রান কেন্দ্রের ৭৪ স্ট্রীটে অবস্থিত ও মনি হোম কেয়ার এ আসুন এবং আজই আপনার নাম বুক করে আয়ের পথ সুগম করুন।



বিস্তারিত জানতে কল করুন:

আমরা কোনো কন্সালটেন্সি ফি নেই না।

**মনি** ডাইরেক্টর

**347-465-0817, 646-851-3270**

## MONI HOME CARE

37-11 74TH ST, 2nd Floor
JACKSON HEIGHTS, NY 11372, E-mail: monihomecare@gmail.com

## সম্পাদকীয়

### আমেরিকা জ্বলছে

# নিপাত যাক বর্ণবাদ

আমেরিকা জ্বলছে। আমেরিকা জ্বলছে বিক্ষোভের আগুনে। অনেকদিন পরে আবার এমন বিক্ষোভ এদেশের মাটিতে। এ বিক্ষোভ নতুন নয়। এ বিক্ষোভ আকস্মিক কোন কারণে মানুষের ক্ষেপে ওঠা নয়। এ বিক্ষোভ শত শত বছরের পুঞ্জিত ক্ষোভের নতুনতর প্রকাশ।

এ ক্ষোভ এদেশে শ্বেতাঙ্গ আধিপত্যের বিরুদ্ধে। এ ক্ষোভ বর্ণবিদ্বেষের বিরুদ্ধে, বর্ণবাদের বিরুদ্ধে। শ্বেতাঙ্গ বর্ণবাদীরা অন্য কোন বর্ণের মানুষদের মানবিক অধিকারে বিশ্বাস করে না। এদের ধারণায় শ্বেতাঙ্গ ছাড়া আর সবাই নিকৃষ্ট। এই নিকৃষ্টদের প্রতি তাদের আচরণ কখনই মানবিক হয়ে উঠতে পারেনি। এদেশের মাটি থেকে মানবতার সামান্য লেশটুকুও উপড়ে ফেলে দিয়েছে।

এরাই সেই শ্বেতাঙ্গ প্রভু যারা আফ্রিকার দেশে দেশে হানা দিয়ে কালো মানুষদের ধরে ধরে এনে শত শত বছর ধরে তাদেরকে ক্রীতদাস হিসাবে ব্যবহার করেছে। তখন থেকেই এই নিপীড়িত নিগৃহীত মানুষদের বেঁচে থাকার লড়াই চলে আসছে। এ লড়াইয়ে তাদের কাঁধে কাঁধ মিলিয়ে শামিল হয়েছে ছুক্তরাষ্ট্রের শ্বেতাঙ্গ-অশ্বেতাঙ্গ নির্বিশেষে সকল স্তরের মানবতাবাদী মানুষ।

> দাস প্রথা এবং বর্ণবাদ বিরোধী এ লড়াইয়ে অনেক মহত্ব রচিত হয়েছে। দাস প্রথা বিলুপ্ত করতে প্রেসিডেন্ট আব্রাহাম লিংকনকে নামতে হয়েছে গৃহযুদ্ধে। ১৮৬১ সাল থেকে শুরু হয়ে চার বছর স্থায়ী এ যুদ্ধে দাসপ্রথা বিরোধীদের জয় হয়

দাস প্রথা এবং বর্ণবাদ বিরোধী এ লড়াইয়ে অনেক মহত্ব রচিত হয়েছে। দাস প্রথা বিলুপ্ত করতে প্রেসিডেন্ট আব্রাহাম লিংকনকে নামতে হয়েছে গৃহযুদ্ধে। ১৮৬১ সাল থেকে শুরু হয়ে চার বছর স্থায়ী এ যুদ্ধে দাসপ্রথা বিরোধীদের জয় হয় এবং ৪ মিলিয়ন কৃষ্ণাঙ্গ ক্রীতদাস সাংবিধানিকভাবে দাসত্ব থেকে মুক্তি লাভ করে। এর পরপরই ১৮৬৮ সালে দেশের সংবিধানে চতুর্দশ সংশোধনী এনে স্বীকৃতি দেয়া হয় শ্বেতাঙ্গদের মত কৃষ্ণাঙ্গদের আইনগত সম অধিকার। ১৮৭০ সালে সংবিধানের পঞ্চদশ সংশোধনীতে কৃষ্ণাঙ্গদের দেয়া হয় ভোটাধিকার।

কিন্তু এত সবেও অবসান ঘটেনি বর্ণবিদ্বেষের। এর পরও সামাজিকভাবে রয়ে যায় কৃষ্ণাঙ্গদের প্রতি চলে আসা বৈষম্যমূলক আচরণ। নাগরিক পরিবহনে তাদের জন্য পৃথক আসন ব্যবস্থা, হোটেল-রেস্টুরেন্টে তাদের পৃথক চেয়ার-টেবিল, পৃথক টয়লেট। এভাবেই তাদের কেটেছে আরো প্রায় শত বছর। এই বৈষম্যের বিরুদ্ধে তাদের লড়াই অব্যাহত থেকেছে। সূচনা হয়েছে নতুন নতুন অধ্যায়ের। পরিবহণে পৃথক আসন ব্যবস্থার আইন ভেঙে গ্রেফতার হন রোজা পার্কস। এই ঘটনা থেকেই গত শতাব্দীর পঞ্চাশের দশকের মাঝামাঝিতে গড়ে ওঠে ঐতিহাসিক নাগরিক অধিকার আন্দোলন। মার্টিন লুথার কিং এবং অন্যান্য নাগরিক অধিকার নেতারা এই আন্দোলনের নেতৃত্ব দেন। এই আন্দোলনের বিপরীতে উগ্র শ্বেতাঙ্গরা শুরু করে এক হিংসাত্মক কার্যকলাপ। ক্লু ক্লুকস ক্লান বা কেকেকে নামে তাদের কুখ্যাত সংগঠন কৃষ্ণাঙ্গ এবং তাদের সহযোগী শ্বেতাঙ্গদের হত্যা, তাদের বাড়িঘরে অগ্নিসংযোগের ভয়ঙ্কর তৎপরতায় মেতে ওঠে।

নাগরিক অধিকার আন্দোলনে হত্যার শিকার হন মার্টিন লুথার কিং, কিন্তু অর্জিত হয় বিরাট সাফল্য। ১৯৬৪ সালে স্বাক্ষরিত হয় নাগরিক অধিকার আইনে ঘোষিত হয় সব ধরনের বৈষম্যের অবসান। সর্বক্ষেত্রে শ্বেতাঙ্গ-অশ্বেতাঙ্গ সম অধিকার স্বীকৃত হয়। কিন্তু এতেও কি বৈষম্য বা বর্ণবিদ্বেষের অবসান হয়েছে? অশ্বেতাঙ্গরা তো এখনও নানা নিগ্রহের শিকার। তাদের প্রতি পুলিশের আচরণ বৈষম্যমূলক। পুলিশের হাতে প্রায়ই মৃত্যু ঘটছে অশ্বেতাঙ্গদের। এরই সর্বশেষ ঘটনা মিনিয়াপোলিসে জর্জ ফ্লয়েডের মর্মান্তিক মৃত্যু।

বৈষম্যের বিরুদ্ধে আইন করা হয়েছে। কিন্তু মানুষের মন থেকে বর্ণবিদ্বেষের অবসান ঘটাতে তাদের নৈতিক উন্নয়নের কি কোন উদ্যোগ নেয়া হয়েছে?

শ্বেতাঙ্গ আধিপত্যবাদীদের মনে ধিকি ধিকি জ্বলেই চলেছে বর্ণবাদের ঘৃণা। তাদের সমর্থিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এই মানসিকতা থেকেই ব্যর্থ হয়েছেন ফ্লয়েড হত্যার নিন্দা করতে। পক্ষান্তরে তিনি নিন্দা করছেন বিক্ষোভের, একে লুটপাট-ভাংচুর বলছেন। এদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার, প্রয়োজনে সেনাবাহিনী নামাবার হুমকি দিচ্ছেন।

তার এ ধরনের উস্কানিমূলক মন্তব্য বিক্ষোভে ঘৃতাহুতি দিচ্ছে। গর্ভুরদের সাথে তার বিরোধ এখন তুঙ্গে। তার নিজের প্রশাসনেও এখন অসন্তুষ্টির আভাস। প্রেসিডেন্ট বিবেচনাবোধের পরিচয় দেবেন এবং পরিস্থিতি মোকাবিলায় গ্রহণযোগ্য পদক্ষেপ নেবেন এটাই আমাদের কাম্য।

# আমেরিকা এখন খাদের কিনারায়

**পল ক্রুগম্যান**



সর্বশেষ ঘটনাটা মিনিয়াপোলিস পুলিশ ইউনিয়নের প্রধান বব ক্রলের। ট্রাম্পের সমাবেশে হাজির হয়ে তাঁকে ধন্যবাদ দিয়েছিলেন তিনি। কারণ ট্রাম্প নাকি পুলিশের ওপর বারাক ওবামার নিপীড়নের সমাপ্তি ঘটিয়েছেন এবং পুলিশের হাতের পরিবর্তে অপরাধীদের হাতে হাতকড়া পরানোর সুযোগ করে দিয়েছেন।

মিনিয়াপোলিসে পুলিশ হেফাজতে জর্জ ফ্লয়েডের মৃত্যু গত এক সপ্তাহে ব্যাপক বিক্ষোভের জন্ম দিয়েছে এবং এ সময় পুলিশের নির্যাতনও আরো বেড়েছে। সেই নির্যাতন থেকে বাদ যায়নি সংবাদকর্মীরাও। এসবের মধ্য দিয়ে বব ক্রলের সেই সব কথার অর্থ পরিষ্কার হয়ে গেছে। আর ডোনাল্ড ট্রাম্প জনগণকে শান্ত করার পরিবর্তে আগুনে ঘি ঢেলে চলেছেন। মনে হচ্ছে, তিনি গৃহযুদ্ধ উসকে দেওয়ার চরম চেষ্টা চালাচ্ছেন। আমেরিকা যে খাদের কিনারায় পৌঁছে গেছে, সে কথা বললে অত্যুক্তি হবে না বলেই আমার মনে হয়। আমরা কী করে এমন অবস্থায় পৌঁছলাম? মার্কিন রাজনীতির গত চার দশকের ইতিহাসের সার অংশটুকু হলো, ধনী অভিজাত শ্রেণি রাজনৈতিক ক্ষমতা হাসিল করার জন্য শ্বেতাঙ্গ বর্ণবাদের অস্ত্রে শাণ দিয়েছে এবং শ্রমিক শ্রেণির ঘাড়ের ওপর দিয়ে ধনীদের আরো ধনী করার নীতি বাস্তবায়নে সেই অস্ত্র কাজে লাগিয়েছে।

এই বাস্তবতা পুরোপুরি অস্বীকার করার মতো পরিস্থিতি ট্রাম্পের উত্থানের আগ পর্যন্ত চিন্তা করা যেত না। কিন্তু এখন যেন বাস্তবতা দেখেও চোখ বন্ধ করে রাখতে হচ্ছে।

এখনো আমি মাঝেমধ্যে দেখছি, বিভিন্ন সংবাদ প্রতিবেদনে ট্রাম্পকে লোকরঞ্জনবাদী অ্যাখ্যা দেওয়া হচ্ছে। অথচ ট্রাম্পের অর্থনৈতিক নীতি লোকরঞ্জনবাদের একেবারে বিপরীণ। তাঁর সেই নীতি সব সময় ধনিক শ্রেণির জন্য এবং করপোরেট ও ধনীদের জন্য কর হ্রাসের বিপুল চেষ্টা সফল করার দিকে ধাবিত। সেই চেষ্টা বহুলাংশে সফলও হয়েছে। দরিদ্র ও শ্রমিক শ্রেণির স্বাস্থ্য সুবিধা সংক্রান্ত ইনস্যুরেন্স বাতিলের যে চেষ্টা করা হয়েছে, সেটা অবশ্য ব্যর্থ হয়েছে।




ট্রাম্পের বাণিজ্যযুদ্ধও কোনো কল্যাণ বয়ে আনেনি, উন্নয়ন হয়নি কর্মসংস্থান পরিস্থিতির। কয়লাখনি কিংবা উৎপাদন খাতে কর্মসংস্থান বাড়েনি। আর যে কৃষকরা ট্রাম্পকে ২০১৬ সালের নির্বাচনে জিতিয়েছিল, তারাও ট্রাম্পের বাণিজ্যযুদ্ধের কারণে দুর্ভোগের শিকার হয়েছে।

তাহলে ট্রাম্প এমন কী করেছেন, যেটার কারণে শ্বেতাঙ্গ শ্রমিক শ্রেণির মধ্যে তাঁর ভিত গড়ে উঠেছে? ট্রাম্প আসলে বর্ণবিদ্বেষে সায় দিয়েছেন। পুলিশের সঙ্গে তাঁর সম্পর্ক আরো স্পষ্টভাবে বোঝা যায়।

অর্থনৈতিক স্বার্থই যদি রাজনৈতিক কর্মকান্ডের মুখ্য চালিকাশক্তি হতো, তাহলে পুলিশ কর্মকর্তারা ডেমোক্র্যাটদের পক্ষেই যেত। ডেমোক্র্যাটরা জনসেবা খাতের কর্মীদের সংগঠিত করছে, অন্যদিকে রিপাবলিকানরা ইউনিয়ন ও সরকারড়ভয়ের বিরুদ্ধে। সর্ববৃহৎ শ্রমিক ইউনিয়ন ডেমোক্র্যাটদের পক্ষে থাকলেও বাকি শ্রমিকরা ২০১৬ সালের নির্বাচনে ট্রাম্পকেই ভোট দিয়েছে। অথচ ট্রাম্পের করনীতিতে তাদের কোনো লাভ হবে না।

তার পরও বহু পুলিশ কর্মকর্তা ও তাদের ইউনিয়ন ট্রাম্পের গোঁড়া সমর্থক রয়ে গেছে। কারণ তাদের ধারণা, তাদের নিপীড়নমূলক কর্মকান্ড, বিশেষ করে সংখ্যালঘুদের বিরুদ্ধে তাদের বর্ণবাদী আচরণ সত্ত্বেও ট্রাম্প তাদের সমর্থন দেবেন।

এ ক্ষেত্রে স্পষ্ট করে বলা দরকার, বহু পুলিশ কর্মকর্তা এবং সম্ভবত বেশির ভাগ পুলিশের গত সপ্তাহের আচরণ ভালোই ছিল। বাস্তবতা হলো, বেশির ভাগ শহরে পুলিশ বিক্ষোভকারীদের প্রতি সংহতি প্রকাশ করেছে।

দেশজুড়ে চলমান বিক্ষোভের পেছনে কোনো যুক্তিসংগত কারণ থাকতে পারে কিংবা এমন সংকটের মুহূর্তে জাতিকে ঐক্যবদ্ধ করতে তাঁর ভূমিকা রাখা উচিত, সেসব স্বীকারই করতে চান না ট্রাম্প।

ট্রাম্প একদিকে তাঁর সমর্থকদের মাধ্যমে কার্যকরভাবে সহিংসতা উসকে দিচ্ছেন, অন্যদিকে সামাজিক প্রতিবাদ প্রতিহত করতে সামরিক বাহিনীকে কাজে লাগানোর খুব কাছাকাছি চলে গেছেন। এমন একটা মুহূর্তে বাকি রিপাবলিকানদের দিক থেকে উল্লেখযোগ্য কোনো বাধা আসবে, সেটা কেউ আশাই করছে না।

সামরিক শক্তি প্রয়োগের নানা অজুহাত ট্রাম্প দাঁড় করাচ্ছেন বটে, তার পরও তিনি অদূর ভবিষ্যতে বর্ণবাদী লড়াই শুরু করতে সফল হবেনড়তেমনটা অবশ্য আমি মনে করি না। তবে সামনের কয়েকটা মাস পরিস্থিতি খুব কদর্য হওয়ার আশঙ্কা আছে।

সর্বতোভাবে শান্তিপূর্ণ এই প্রতিবাদ দমনে ট্রাম্প যদি সামরিক বাহিনী কাজে লাগানোর কথা বলতে থাকেন এবং সহিংসতায় উসকানি দিতে থাকেন, আর তার পরও যদি দেখা যায় আগামী নভেম্বরের নির্বাচনে তিনি পরাজয়ের দিকে এগোচ্ছেন, তখন তিনি ও তাঁর সমর্থকরা কী করবেন?

**লেখক: নোবেল স্মৃতি পুরস্কার বিজয়ী, অধ্যাপক, গবেষক, কলামিস্ট।**

# আমেরিকায় বিক্ষোভের প্রতি বিশ্ববাসীর সংহতি

**সুব্রত বিশ্বাস**

কৃষ্ণাঙ্গদের ওপর আমেরিকান পুলিশের নির্যাতন দীর্ঘদিনের। প্রতি বছর অসংখ্য কৃষ্ণাঙ্গ পুলিশের অমানবিক নির্যাতনের শিকার হয়ে থাকে। নির্যাতনে অনেকের প্রাণ কেড়ে নেয়া হচ্ছে। অত্যাচারী পুলিশকে সকল সময় দায়মুক্তি দেওয়া হয়েছে। তাই বিচারের বাণী নিভৃতে কাঁদে। প্রতিবাদ-প্রতিরোধ পুলিশি অত্যাচার দিয়ে চাপা দেওয়া হয়। অত্যাচার নির্যাতনের চাপা ক্ষোভ দীর্ঘদিনের। আমেরিকান সরকারের এই চরিত্র সমগ্র বিশ্ব জানে।

করোনা ভাইরাসের প্রকোপে সমগ্র আমেরিকা টালমাটাল। আক্রান্ত ও মৃতের সংখ্যা বিশ্বেও সকল দেশের সংখ্যা ছাড়িয়ে গেছে। দুর্বল ও অবহেলিত স্বাস্থ্য ব্যবস্থা সামালদিতে চরম ব্যর্থতার পরিচয় রেখেছে আমেরিকা। আক্রান্তদের যথাযথ চিকিৎসা ও পরিচর্যা দিতে দুর্বল অব্যবস্থার বেসরকারী খাতের চিকিৎসা ব্যবস্থা চরমভাবে ব্যর্থ। মৃতদের বেশির ভাগ নিম্নআয়ের এবং কৃষ্ণাঙ্গ সম্প্রদায়ের। এমনি অবস্থায় লক্ষ লক্ষ মানুষ চাকুরীচ্যুত, যাদের চলার কোন বিকল্প পথ নেই। তবে এই সংকটে কৃষ্ণাঙ্গরা একা নয়, তাদের সাথে যোগ দিয়েছে হিসপানিক এবং শ্বেতাঙ্গদের একটি বড় অংশ।

করোনা পরিস্থিতিতে দেশের মানুষ যখন চরম বিপন্ন ও সঙ্কটে আছে তখনই নতুন করে গত মঙ্গলবার মিনিয়াপোলিসে জর্জ ফ্লয়েড নামে একজন কৃষ্ণাকে পশুর মতো হত্যা কওে একজন শ্বেতাঙ্গ পুলিশ। দীর্ঘদিনের চাপা ক্ষোভ, অর্থনৈতিক সংকটের বিপন্ন অবস্থা, ক্ষমতাসীনদের লাগাম ছাড়া ব্যর্থতা ও অবহেলায় ক্ষুব্ধ দেশের সর্বস্তরের মানুষ জর্জ হত্যার নৃশংসতায় বিক্ষুব্ধ হয়ে ওঠে। প্রতিবাদে ফেটে পড়ে সমগ্র দেশ। বিক্ষোভ ছড়িয়েছে আমেরিকার অন্তত ১৪০টি শহরে। বিক্ষোভে যোগ দিয়েছেন কৃষ্ণাঙ্গদের সাথে শ্বেতাঙ্গ ও অন্যান্য সম্প্রদাযের মানুষেরা। বিক্ষোভ প্রতিবাদ ছড়িয়ে পড়ে আমেরিকার বাইরেও। মার্কিন বিক্ষোভকারীদের প্রতি সমর্থন জানিয়ে এবং নিজেদের দেশের বর্ণবাদ ও নানাধরনের শোষণ-বঞ্চনার বিরুদ্ধে প্রতিবাদ-বিক্ষোভ হচ্ছে বিশ্বজুড়ে। বার্লিন থেকে লন্ডন, প্যারিস থেকে ভ্যাঙ্কুভার, আফ্রিকা, লাতিন আমেরিকা ও মধ্যপ্রাচ্যের দেশগুলোতে রাজধানী-শহরে শুরু হয় প্রতিবাদ। লড়াই-সংঘাতে বিপর্যস্ত সিরিয়ার একাংশে শিল্পীরা এঁকেছেন বর্ণবাদ বিরোধী ম্যুরাল। চিলি আর লেবাননের আন্দোলনকারীরা মার্কিন বিক্ষোভকারীদের পরামর্শ দিচ্ছেন কীভাবে পুলিশি নির্যাতনের হাত থেকে রক্ষা পাওয়া সম্ভব। টিয়ার গ্যাসের সামনে কীভাবে চোখে দুধ ঢেলে লড়াই চালিয়ে যাওয়া যায়।



ক্ষোভ-বিক্ষোভ ও হত্যাকান্ডে সামান্যতম সহানুভূতি জানানোর প্রয়োজন বোধ করেননি দেশের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। অধিকন্তু, হোয়াইট হাউস থেকে এক ভাষণে ট্রাম্প বলেছেন, যদি কোনও শহর বা অঙ্গরাজ্য জনগণের সম্পত্তির সুরক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অস্বীকার করে, তাহলে আমি মার্কিন যুক্তরাষ্ট্রের সেনাবাহিনী মোতায়েন কওে তাদের হয়ে দ্রুত সমাধান করে দেব। এখানেই থেমে না থেকে তিনি চোখ রাঙিয়ে বলেছেন, 'আমি দাঙ্গা, লুটপাট, ভাঙচুর, হিংসা ও সম্পদ ধ্বংস ঠেকাতে হাজার হাজার ভারী অস্ত্রে সজ্জিত সেনা, সামরিক কর্মকর্তা এবং আইন প্রয়োগকারী বাহিনীর সদস্য নামাচ্ছি।' আমেরিকার বিভিন্ন অঙ্গরাজ্যে ও শহরের রাস্তায় রাস্তায় পর্যাপ্ত সংখ্যক রিজার্ভ মিলিটারী ফোর্স 'ন্যাশনালগার্ড' সেনা মোতায়েন করার কথা বলেছেন ট্রাম্প। এ পর্যন্ত বিভিন্ন স্থানে মোতায়েন রয়েছেন এমন প্রায় ১৬ হাজার সেনা।

হোয়াইট হাউসের সামনে জড়ো হওয়া বিক্ষোভকারীদের সরাতে রাবার বুলেট ও টিয়ার গ্যাস ছুঁড়েছে পুলিশ। বিক্ষোভকারীদের ছত্রভঙ্গ করতে চড়াও হয় অশ্বারোহী বাহিনী। শেষে বিক্ষোভ কিছুটা পিছু হটলে প্রেসিডেন্ট ট্রাম্প বেরিয়ে হোয়াইট হাউস থেকে হেঁটে যান নিকটবর্তী সেন্ট জনস এপিস্কোপল গির্জায়। বাইবেল হাতে ছবি তোলেন। পরে হোয়াইট হাউসে বড় বড় শহরগুলোতে টানা ছ'রাত ধওে চলা হিংসা-বিক্ষোভ ও লুটপাট 'অবিলম্বে' বন্ধ করার আশ্বাস দেন। অঙ্গরাজ্যগুলোর গভর্নররা ন্যাশনাল গার্ড মোতায়েনে রাজী না হলে নিজেই সেনাবাহিনী মোতায়েন করবেন বলে হুঁশিয়ারী দেন।

মিনিয়াপোলিসে প্রকাশ্য রাস্তায় ফেলে একজন শ্বেতাঙ্গ পুলিশ জর্জ ফ্লয়েডকে হত্যা করে। মাটিতে ফেলে হাঁটু দিয়ে চেপে ধরে থাকে ফ্লয়েডের গলা। ছটফট করতে থাকা ফ্লয়েড কাতর আর্তি জানাতে থাকেন 'প্লিজ, আমি শ্বাস নিতে পারছি না', আমাকে মারবেন না'। রাস্তায় নিস্তেজ হয়ে যাওয়ার পরেও এক পাশবিক বর্বরতায় হাঁটু দিয়ে তার ঘাড় চেপে থাকেন শ্বেতাঙ্গ পুলিশকর্তা। এরপরেই 'আমি শ্বাস নিতে পারছি না', 'এমন হতে পারতাম আমিও' শ্লোগানে বিক্ষোভ ছড়িয়ে পড়ে সর্বত্র। কয়েকদিন ধরেই চলছে বিক্ষোভ। প্রতিবাদ বিক্ষোভ হয়েছে লন্ডন থেকে মন্ট্রিয়াল। বার্লিন থেকে ওয়েলসে। শনিবার বার্লিনে কয়েক হাজার বিক্ষোভকারী মার্কিন দূতাবাসের বাইরে কৃষ্ণাঙ্গ হত্যার প্রতিবাদ জানান। মন্ট্রিয়ালে রবিবারের বিক্ষোভকে পুলিশ 'অবৈধ' বলার পর সেটি সহিংসরূপ নেয়। বিক্ষোভকারীরা পুলিশের দিকে প্রজেক্টাইল ছুঁড়লে পুলিশও পাল্টা টিয়ারগ্যাস ও পেপার স্প্রে ব্যবহার করে।

সিরিয়ার উত্তর-পশ্চিমের প্রদেশ ইদলিবে দুই চিত্রশিল্পী ভাঙাচোরা একটি ভবনে একটি এরপর ১২ পৃষ্ঠায়

> গত মঙ্গলবার মিনিয়াপোলিসে জর্জ ফ্লয়েড নামে একজন কৃষ্ণাঙ্গদের পশুর মতো হত্যা করে একজন শ্বেতাঙ্গ পুলিশ। দীর্ঘদিনের চাপা ক্ষোভ, অর্থনৈতিক সংকটের বিপন্ন অবস্থা, ক্ষমতাসীনদের লাগাম ছাড়া ব্যর্থতা ও অবহেলায় ক্ষুব্ধ দেশের সর্বস্তরের মানুষ জর্জ হত্যার নৃশংসতায় বিক্ষুব্ধ হয়ে ওঠে

Editor & Publisher : Zakaria Masud
Editor in Chief : Manzur Ahmed
Adviser Editor : Golam Mortoza
Managing Editor : Mila Hossain
Commercial Chief : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : জাকারিয়া মাসুদ
প্রধান সম্পাদক : মনজুর আহমদ
উপদেষ্টা সম্পাদক : গোলাম মোর্তোজা
ব্যবস্থাপনা সম্পাদক : মিলা হোসেন
বাণিজ্যিক প্রধান : আবুবকর সিদ্দিকী

The Weekly Ajkal
37-07 74th Street, Suite # 8,
Jackson Heights, NY 11372, USA.
Ph: 718-565-2100, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# যুক্তরাষ্ট্রের বিক্ষোভ পুঞ্জীভূত ক্ষোভের প্রকাশ


এম হুমায়ুন কবির

২৫ মে যুক্তরাষ্ট্রের মিনেসোটা অঙ্গরাজ্যে আফ্রিকান-আমেরিকান বংশোদ্ভূত কৃষ্ণাঙ্গ যুবক জর্জ ফ্লয়েড পুলিশের হত্যার শিকার হওয়ার পর যুক্তরাষ্ট্রজুড়ে প্রতিবাদ-বিক্ষোভ অব্যাহত রয়েছে। এ কারণে সামারিক ও রাজনৈতিক অস্থিরতার মধ্য দিয়ে যেতে হচ্ছে দেশটিকে। বস্তুত, ৯ দিনের টানা প্রতিবাদ-বিক্ষোভকে সাম্প্রতিক ইতিহাসে যুক্তরাষ্ট্রের একটি ক্রান্তিকাল বলে মনে করছেন অনেক বিশ্লেষক। একদিকে ক্ষোভ-বিক্ষোভ ও দাবি-দাওয়া, অন্যদিকে ক্ষমতার দাপট ও দমনের উদ্যোগ সহিংস পরিস্থিতি তৈরি করেছে। অনেকের প্রশ্ন, হঠাৎ করে এমন বিক্ষোভ-প্রতিবাদ কেন?

মূলত এমন ঘটনা- আফ্রিকান-আমেরিকান, কৃষ্ণাঙ্গ ও অন্যান্য সংখ্যালঘু বর্ণের মানুষকে হত্যার ঘটনা- যুক্তরাষ্ট্রে প্রায়ই ঘটে থাকে। কিন্তু জর্জ ফ্লয়েডকে হত্যার পর পরিস্থিতি খারাপ হওয়া এবং তীব্র প্রতিবাদ-বিক্ষোভের পেছনে আমি অনেক কারণ দেখি। এর সঙ্গে আরও অনেক প্রশ্নও সামনে আসছে। এটা কতদিন চলবে; প্রতিবাদ-বিক্ষোভ সম্পর্কে ট্রাম্পের দাবি ও আগামী নির্বাচনে এটি কী ধরনের প্রভাব ফেলবে- এমন অনেক প্রশ্ন আসছে বিশ্লেষকদের পক্ষ থেকে। গত কয়েক বছর ধরে বিশ্ব দরবারে আমেরিকার বিভিন্ন কর্মকান্ডে তাদের ক্ষমতার নৈতিকতার ঘাটতি দেখা গেলেও এখনও মানবিক শাসন ও মানবতার কেন্দ্রবিন্দু হিসেবে যুক্তরাষ্ট্রই শীর্ষে রয়েছে। এটাও বলে রাখা দরকার, অনেকের কাছে স্বপ্নের দেশ আমেরিকা।

এতকিছুর পরও বাস্তবতা হল আমেরিকান সমাজ মানুষেরই গড়া। সেখানে রাগ-অভিমান, ক্ষোভ, বর্ণবাদ, বৈষম্য ইত্যাদিও বিদ্যমান রয়েছে। তবে আমেরিকার সমাজে এতকিছুর পরও ব্যতিক্রমী একটি জিনিস আমরা দেখছি– তা হল সেখানে প্রতিবাদের সুযোগ রয়েছে। প্রতিবাদ-বিক্ষোভ ইত্যাদির পর পর্যালোচনা করে ভালো বিষয়টি গ্রহণের মানসিকতাও তাদের রয়েছে। আমার ধারণা, এখনও এ কারণেই যে কোনো ঘটনা, আলোচনা ইত্যাদির ক্ষেত্রে আমরা আমেরিকার দিকে মনোযোগী হই।

বর্তমানে সেখানে যে বিক্ষোভ-প্রতিবাদ চলছে, সেটি হঠাৎ কোনো বিষয় নয়। এখানে অনেকগুলো বিষয় আছে। ৫০ বছর ধরে কালোদের অধিকার, তাদের বঞ্চনা নিয়ে কথা হচ্ছে। আইন হওয়ার পরও সমঅধিকারপ্রাপ্তি ও বৈষম্যহীন আচরণের অগ্রগতি তারা দেখেনি। বরং বর্ণবৈষম্য প্রশাসন, সমাজ ও রাজনীতিতেও জেঁকে বসেছে। এ কারণেই আমরা দেখি, গত ছয় বছরে ৭ হাজার ৬শ'র বেশি কৃষ্ণাঙ্গ নিগৃহীত হয়েছে। ন্যায্য অধিকার বঞ্চিত হয়েছে। এখন যেটা হচ্ছে, ডোনাল্ড ট্রাম্প ক্ষমতায় আসার পর শ্বেতাঙ্গ উগ্রবাদী জনগোষ্ঠীকে বিভিন্ন ক্ষেত্রে পৃষ্ঠপোষকতা দেয়া হচ্ছে। বিভিন্নভাবে শ্বেতাঙ্গ শ্রেষ্ঠত্ববাদীদের সুযোগ-সুবিধা দেয়া হচ্ছে। আমার ধারণা, কৃষ্ণাঙ্গ ও অন্যান্য অশ্বেতাঙ্গ সংখ্যালঘুদের দমনপীড়নে পুলিশকে উসকানি দেয়া হচ্ছে। জর্জ ফ্লয়েডকে হত্যার ক্ষেত্রে যেমনটি আমরা দেখলাম, একেবারে প্রকাশ্য দিবালোকে পুলিশের হত্যাকান্ড। আমেরিকার সমাজে এখনও বর্ণবাদের রেশ রয়েছে, যা অশ্বেতাঙ্গ মানুষের ক্ষোভের কারণ। আমেরিকায় কৃষ্ণাঙ্গ মানুষ ১৪ শতাংশ। এর বাইরে অন্যান্য অশ্বেতাঙ্গ জাতিগোষ্ঠী নিয়ে প্রায় ৩২ শতাংশ মানুষ। এরা বেশিরভাগ ক্ষেত্রে অধিকারবঞ্চিত। এত মানুষ যদি বঞ্চিত ও ক্ষুব্ধ হয়, তবে সেটা কোনো দৃষ্টিকোণ থেকেই স্বস্তির নয়।



আরেকটি কারণ হল, ১৯৮০-এর দশকের পর থেকে নব্য পুঁজিবাদ তথা নব্য উদারবাদের উত্থান। এই দৃষ্টিভঙ্গির কারণে বৈষম্য ক্রমপ্রসারমান। এতে অশ্বেতাঙ্গ যারা, তারা প্রতিযোগিতায় পিছিয়ে পড়ছে। শ্বেতাঙ্গরাও আছে পিছিয়ে পড়ার তালিকায়। তবে সেটা কৃষ্ণাঙ্গ ও অন্যান্য অশ্বেতাঙ্গের তুলনায় কম। সাম্প্রতিক এক পরিসংখ্যানে দেখা গেছে- ৪০ শতাংশ বাড়িতে নগদ ৪শ' ডলার নেই। বেশিরভাগ মানুষ ঋণগ্রস্ত। এর কারণ নব্যপুঁজিবাদী ব্যবস্থা। ২০০৭-০৮ সালের মন্দার ধাক্কা তারা এখনও কাটিয়ে উঠতে পারেনি। এক্ষেত্রে অশ্বেতাঙ্গদের অবস্থা বেশি শোচনীয়। আমার মনে হয়, স্বপ্নের দেশ হিসেবে পরিচিত বিশ্বের সবচেয়ে বড় অর্থনীতির দেশের মানুষ এটা মেনে নিতে পারেনি। জর্জ ফ্লয়েড হত্যার প্রতিবাদে সর্বস্তরের মানুষের অংশগ্রহণ এর প্রতিফলন। বিক্ষোভকারীরা যে সুষম বণ্টনের দাবি করছে, তা থেকেও বিষয়টি অনুমান করা যায়। আরেকটি কারণ হতে পারে করোনাভাইরাসের কারণে লক্ষাধিক মানুষের প্রাণহানি। করোনায় মারা যাওয়া লক্ষাধিক মানুষের মধ্যে ৪০ শতাংশই কৃষ্ণাঙ্গ ও অশ্বেতাঙ্গ। এরা প্রান্তিক ও বঞ্চিত হওয়ায় ভালো স্বাস্থ্যসেবা বঞ্চিত থেকে কোভিড-১৯-এর বেশি শিকার। এছাড়া স্বাস্থ্য, বাসস্থান ও অন্যান্য সুবিধাপ্রাপ্তির ক্ষেত্রেও তাদের বঞ্চিত থাকার হার অনেক বেশি। এটিও তাদের করোনায় আক্রান্তের হার বাড়িয়েছে।

এর বাইরে জাতিগোষ্ঠীর অস্থিরতাও বর্তমানে আমেরিকার প্রতিবাদ-বিক্ষোভের অন্যতম কারণ। করোনাভাইরাসের কারণে ৪ কোটির বেশি মানুষ আমেরিকায় বেকার হয়েছে। বেকার সব দেশেই হয়েছে, আমাদের দেশেও আছে। কিন্তু তাদের ডাইমেনশন ভিন্ন। কাজ না থাকলে তারা বীমা পায় না, বাড়ির মর্টগেজ দিতে পারে না। এতে করে তাদের মধ্যে হতাশা নেমে এসেছে। বিশেষত তরুণরা বেশি হতাশ। আমার ধারণা, এসব পুঞ্জিভূত ক্ষোভ থেকে বর্তমান বিক্ষোভ সহিংসতা ও লুটপাটে রূপ নিয়েছে।

প্রেসিডেন্ট ট্রাম্প একে কিভাবে নিচ্ছেন, সেটি একটি বিষয়। তার কৌশল কী? তিনি এরপর ১২ পৃষ্ঠায়

> যুক্তরাষ্ট্রে প্রায়ই ঘটে থাকে। কিন্তু জর্জ ফ্লয়েডকে হত্যার পর পরিস্থিতি খারাপ হওয়া এবং তীব্র প্রতিবাদ-বিক্ষোভের পেছনে আমি অনেক কারণ দেখি। এর সঙ্গে আরও অনেক প্রশ্নও সামনে আসছে। এটা কতদিন চলবে; প্রতিবাদ-বিক্ষোভ সম্পর্কে ট্রাম্পের দাবি ও আগামী নির্বাচনে এটি কী ধরনের প্রভাব ফেলবে- এমন অনেক প্রশ্ন আসছে বিশ্লেষকদের পক্ষ থেকে

# সভ্য সমাজে বর্ণবাদের বর্বরতা আর কতকাল

> গত ২৫শে মে মিনেসোটা অঙ্গরাজ্যের মিনিয়াপোলিস শহরে মাত্র ২০ ডলার জাল নোট ব্যবহারের অভিযোগে ৪৬ বছর বয়সী রেস্তোরাঁর নিরাপত্তাকর্মী কৃষ্ণাঙ্গ জর্জ ফ্লয়েডকে হাঁটু দিয়ে বর্বরোচিত কায়দায় গলা চেপে ধরে রাখা হয়। ভাইরাল হওয়া প্রায় ৯ মিনিটের প্রথম ৩ মিনিটে সে নিস্তেজ হয়ে পড়ে

মো: কায়ছার আলী

মানুষের চিরন্তন অবাধ্য হল তার গায়ের রং। এই সাদাকালোর দ্বন্দ, বৈষম্য, বিদ্বেষ এর নাম বর্ণবাদ। আমেরিকায় শেকড় থেকে শিখরে রেসিজম। ১৮৬২ সালে প্রেসিডেন্ট আব্রাহাম লিংকন দাসপ্রথা তুলে দিয়ে তাদের মুক্ত মানুষ হিসেবে ঘোষণা দেন কিন্তু এর কালো ছায়া আজও বিদ্যমান।



১৯১৯ সালে জেমস বার্ডের নির্মম হত্যাকান্ড ছিল অত্যন্ত ভয়ংকর। টেক্সাসের এক নির্জন গ্রাম্য পথে হেঁটে হেঁটে ক্লান্ত হয়ে পড়েছিল কৃষ্ণাঙ্গ পংগু জেমস বার্ড। এমন সময় একটি জীপ আসতে দেখে হাত তুলে সেটি থামিয়ে রাইড প্রার্থনা করেন। জীপের তিনজন শ্বেতাঙ্গ যুবক সানন্দে তাকে রাইড দিতে চায়। তারা তাকে জীপের পিছনে বেঁধে গ্রামের আঁকাবাঁকা অসমতল পথে তিন মাইল জীপ চালিয়েছিল। সেই অসমতল পথের ঘর্ষণে একসময় তার মাথা দেহ থেকে বিচ্ছিন্ন হয়ে বীভৎস ভাবে মারা যায়। মৃত্যুর কারণ সে ছিল কালো। পরবর্তীতে বিচারে সেই নির্দয় খুনী জন উইলিয়াম কিংকে মৃত্যুদণ্ড দেয়া হয়। ১৮৯০ সালেও শিকাগো'র মাফিয়া চক্র ঠিক করে দিত কারা আমেরিকায় নির্বাচন করবে।

৫০০ বছরের ৩০০ বছরই কালোরা ছিল দাস। ছিল না ভোটাধিকার। ১৯৬৫ সালে প্রেসিডেন্ট লিন্ডন জনসন কালোদের ভোটাধিকার, অধিকার, বৈষম্য মুলক আইন প্রত্যাহার এবং সম-অধিকার আইন প্রনছু করেন। ১৯৬৫ সালের ৭ই মার্চ এলবামা অংগরাজ্যের সেলমায় কৃষ্ণাঙ্গরা ড.মার্টিন লুথার কিংয়ের নেতৃত্বে ভোটের দাবীতে যে মিছিল করেছিল সেই মিছিলের ওপর শ্বেতাঙ্গ পুলিশের নির্মম বেত্রাঘাত আর ঘোড়া চালিয়ে দেওয়ার দৃশ্য কি লজ্জা দেয় না আমেরিকান সাদাদের?

মাত্র ৪৩ বছরেই ২০০৮ সালে তারা কি ভেবেছিল যে, এক কালো মানুষ বারাক ওবামা তাদের হোয়াইট হাউসে প্রবেশ করবে। কলিন পাওয়েল এবং কন্ডোলিসা রাইস পররাষ্ট্র মন্ত্রী হবেন? যে দেশে রেস্তোরাঁয় ঢোকার অনুমতি তো ছিলই না বরং সেখানে লেখা থাকত 'নো ডগ, নো নিগ্রো'। ১৮১৪ সালের ২৪ আগস্ট এর আগে হোয়াইট হাউসের রং এরকম ছিল না। যুদ্ধ যুদ্ধ খেলায় ব্রিটিশ সৈন্যরা আমেরিকার প্রেসিডেন্টসিয়াল হাউস জ্বালিয়ে দেয়, আগুনে পোড়া এবং ধোঁয়ার দাগ ঢাকতে হোয়াইট হাউস সাদা বা শ্বেত রং করা হয়। উত্থান পতনের ইতিহাস প্রায় সকলেরই আছে। অসম্ভব মেধাবী, বাগ্মী, কালোদের আলোর দিশারী, মাহাত্মা গান্ধীর অনুসারী, অহিংসা আন্দোলনের নেতা, মানবতাবাদী এই মহারথী ড.মার্টিন লুথার (১৯২৯-১৯৬৮) ১৯৬৩ সালের ২৮শে আগস্ট ওয়াশিংটন ডিসিতে এক ঐতিহাসিক ভাষণ দেন। যার শিরোনাম হল 'আই হ্যাভ এ ড্রিম'। তিনি স্বপ্ন দেখতেন 'শোষণ মুক্ত সমাজ, শর্তহীন ভালবাসা, বর্ণবৈষম্য রাষ্ট্র ব্যবস্থা, দারিদ্র্য মুক্তির সমাজে শান্তি সাম্য প্রতিষ্ঠা, শিশুদের সম-অধিকার স্কুলে খেলার মাঠে, এক টেবিলে বসবে, সাদা কালোর ভেদাভেদ থাকবে না, চাকুরিতে বেতন বৈষম্য রবে না, সাদা কালো হাতে হাত রেখে চলবে ইত্যাদি। সাদাদের বসার সিট যানবাহনে তিনি ছেড়ে দেন নি। ১৯৫৪ সালে তিনি ৩৮১ দিন আলবামায় বয়কট আন্দোলন করলে রাজ্য সরকার যানবাহনে বর্ণবৈষম্য বেআইনি ঘোষণা করেন। মাত্র ৩৫ বছর বয়সে ১৯৬৪ সালে তিনি শান্তিতে নোবেল পুরস্কার পান এবং সেই প্রাইজ মানির ৫৬ হাজার ডলার নির্লোভ মনে দান করেন নাগরিক অধিকার আন্দোলনের সংস্থাগুলোকে।

যে আন্দোলন তিনি ১৯৬০ সালে শুরু করেছিলেন। মাত্র ৩৯ বছর জীবনে ২৬ বার কারাবন্দী হন এবং ১৯৬৮ সালে গুপ্ত ঘাতকের হাতে নিহত হলে, তখন ১২৫টি শহরে বিদ্রোহ শুরু হয়। আজ যেভাবে হচ্ছে।

গত ২৫শে মে মিনেসোটা অঙ্গরাজ্যের মিনিয়াপোলিস শহরে মাত্র ২০ ডলার জাল নোট ব্যবহারের অভিযোগে ৪৬ বছর বয়সী রেস্তোরাঁর নিরাপত্তাকর্মী কৃষ্ণাঙ্গ জর্জ ফ্লয়েডকে হাঁটু দিয়ে বর্বরোচিত কায়দায় গলা চেপে ধরে রাখা হয়। ভাইরাল হওয়া প্রায় ৯ মিনিটের প্রথম ৩ মিনিটে সে নিস্তেজ হয়ে পড়ে।

নিস্তেজ হওয়ার আগে বেশ কয়েকবার তিনি আকুতি জানান– 'আমি নিশ্বাস নিতে পারছি না' বলে তিনি মাকে ডাক দেন। মুখ দিয়ে ফেনা বেরিয়ে এলেও এবং পানি খেতে চাইলেও মানসিক অবস্থার বিন্দুমাত্র সাড়া ফেলেনি বা পরিবর্তন হয়নি শ্বেতাঙ্গ পুলিশ অফিসারের। এর ফলাফল আমরা সবাই অবগত। হায়রে সভ্যতার দাবীদার বর্ণবাদের ভয়ংকর কালো থাবা, বিভাজন আর কতকাল চলবে, তা কেউ জানে না।

**লেখক: শিক্ষক, প্রাবন্ধিক ও কলামিস্ট।**

# ব্ল্যাক লাইভস ম্যাটার

> আমেরিকায় চাপা বর্ণবাদ উসকে উঠেছে। তরুণদের উত্তাল আন্দোলনে চাপা পড়ে গেছে করোনার ভীতি। জনতার বাঁধভাঙা বিক্ষোভে উত্তাল আর রক্তাক্ত আমেরিকা। করোনা ভাইরাসের তান্ডবে এক লাখের বেশি মানুষের মৃত্যুর ভয়াল স্মৃতি নিয়ে পুরো আমেরিকা আজ ভিন্ন এক বাস্তবতায়

রওশন হক

গত ২৫ মে যুক্তরাষ্ট্রের মিনেসোটার মিনিয়াপোলিস শহরে পুলিশি নির্যাতনে মারা যান ৪৬ বছরের জর্জ ফ্লয়েড। যিনি হিউস্টনে একটি বারে বাউন্সার হিসেবে কাজ করতেন। কিন্তু করোনা সংকটে বারটি বন্ধ হয়ে যাওয়ায় বেকার হয়ে পড়েছিলেন ফ্লয়েড।



ঘটনার সূত্রপাত একটি খাবারের দোকান থেকে। দোকানের কর্মচারীরা ৯১১ এ কল করে অভিযোগ করেন, এক ক্রেতা সিগারেট কেনার পর জাল নোট দিয়েছে। পুলিশ এসে ওই অভিযোগে ৪৬ বছর বয়সি জর্জ ফ্লয়েডকে গ্রেপ্তার করে। ভাবতে অবাক লাগে, আজ ২০২০ এর পহেলা জুন দীর্ঘ ৭৭ বছর পর আবারো একই কারণে আবারো কারফিউ দিয়েছে নিউইয়র্ক সিটি। সাদা পুলিশ অফিসার কর্তৃক কৃষ্ণাঙ্গ যুবক জর্জ ফ্লয়েড নিহত হওয়ার পর গ্রান্ড জুরির আদালতে হত্যাকারীকে খুনের দায় থেকে পুলিশকে অব্যাহতি দেয়ার প্রেক্ষাপটে। ইতিহাস থেকে জানা যায়, ১৯৪৩ সালের ১ এবং ২ আগস্ট নিউইয়র্ক সিটির হারলেমে এমন একটি জাতিগত দাঙ্গা হয়েছিল। তখনো একজন সাদা পুলিশ কর্মকর্তা জেমস কলিন্স আফ্রিকান-আমেরিকান সৈনিক রবার্ট ব্যান্ডিকে গুলি করে আহত করার পরে ১৯৪৩ সালের হারলেম দাঙ্গা বাধে। সর্বশেষ তখন নিউইয়র্ক সিটিতে আমরা আজকের মতো একটি কারফিউর মুখোমুখি হয়েছিলাম। আমাদের বেশির ভাগ মানুষেরই তখন জন্মই হয়নি।

২০২০ সালের ১ জুনে আবারও কালো আমেরিকানদের হত্যার প্রতিবাদের জড়ো হওয়া মানুষকে দমানোর জন্য শহরব্যাপী কারফিউের মুখোমুখি আমরা। ৭৭ বছর পরে নিউইয়র্ক সিটি এমনকি আমেরিকার কোথাও কিছুই পরিবর্তন হয়নি। পরিবর্তন হয়েছে শুধু বইপত্রে। গল্পে গবেষণায় বিজ্ঞাপনে। পরিবর্তন হয়নি বিজ্ঞানে। এক চুলও বদল হয়নি মানুষের ভাবনায়। পরিবর্তন হয়নি কালো মানুষের জীবন যাত্রায়। কালোদের কষ্ট কালো না হলে বুঝবার কথা নয়। তবে আমরা এশিয়ানদেরও ক্ষেত্র বিশেষে সেইম ট্রিটমেন্ট হজম করতে হয়। আপনাদের নিশ্চিত মনে আছে এদের কথা? ট্রাইভন মার্টিন, এরিক গর্নার, মাইকেল ব্রাউন, ওয়াল্টার স্কট আর এবার ফ্লয়েড– এদের প্রত্যেকের মৃত্যু হয়েছে আইন প্রয়োগকারী সংস্থার কোনো না কোনো সদস্যের হাতে। আরো স্পষ্ট করে বললে, আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের আইনের ভুল প্রয়োগের কারণে। এই তালিকা ক্রমেই লম্বা হচ্ছে। প্রতিদিনই কোন না কোন ছুঁতোয় পুলিশ ঝাঁপিয়ে পড়ে কালোদের উপর। এর সবই আমরা যারা এদেশে থাকি তারা নিত্যদিন দেখতে পাই।

সবাই জানে, মার্কিন যুক্তরাষ্ট্রে কৃষ্ণাঙ্গদের বিরুদ্ধে বর্ণ বৈষম্য এবং সহিংসতার ইতিহাস বেশ পুরানো। দেশটির জন্মলগ্ন থেকেই বলা যায় কৃষ্ণাঙ্গদের বিরুদ্ধে বর্ণ বৈষম্য চলে আসছে। নিজেদের অধিকার আদায়ের জন্য কৃষ্ণাঙ্গরা ব্যাপক প্রতিবাদ সংগ্রাম চালানোর পরও পুলিশি নির্যাতনসহ বিচিত্র বৈষম্যের করুণ শিকার তারা। বর্ণবিদ্বেষী পুলিশের অত্যাচার নিয়ে সরব হলেও আটলান্টাসহ গোটা দেশের প্রতিবাদীদের অহিংস পথে থাকারই আর্জি জানিয়েছেন প্রবাদপ্রতিম মানবাধিকারকর্মী মার্টিন লুথার কিং জুনিয়রের কনিষ্ঠ কন্যা বার্নিস কিং। বর্ণবাদী বৈষম্য ও বর্ণবাদী সংঘাত মার্কিন যুক্তরাষ্ট্রসহ পশ্চিমা দুনিয়ায় কোন নতুন বিষয় নয়। আমেরিকায় চাপা বর্ণবাদ উসকে উঠেছে। তরুণদের উত্তাল আন্দোলনে চাপা পড়ে গেছে করোনার ভীতি। জনতার বাঁধভাঙা বিক্ষোভে উত্তাল আর রক্তাক্ত আমেরিকা। করোনা ভাইরাসের তান্ডবে এক লাখের বেশি মানুষের মৃত্যুর ভয়াল স্মৃতি নিয়ে পুরো আমেরিকা আজ ভিন্ন এক বাস্তবতায়। ব্ল্যাক লাইভস মেটার– এই শ্লোগান মুখর সারা আমেরিকা। এরই মধ্যে হত্যাকারী পুলিশকে দন্ডে পদোন্নতি দেওয়া হয়েছে। তিন ডিক্রির থেকে তাকে দুই ডিক্রির সাজা দেয়া হয়েছে। ভিডিওতে দেখা খুনি পুলিশের অন্য তিন সহযোগিদেরও ধরা হয়েছে। ব্ল্যাকদের জীবনই কি শুধু মেটার করে? কথায় কথায় ওদের চাকুরি থেকে বরখাস্ত করা। ট্রাফিকের স্পিড টিকেট চেক করলেই বৈষম্য দিনের আলোর মত পরিস্কার হয়ে যাবে। পৃথিবীর সর্বত্র কালো মানুষ হয়রানির শিকার। আন্দোলনকারীরা কি এতটুকুই চেয়েছিল? নাকি আরো কিছু থাকতে পারে। সারা দেশ উত্তাল হয়েছে কি শুধু জর্জ ফ্লয়েডের মৃত্যুর জন্য? নাকি একটা উছিলা মাত্র! এসব নিয়ে বিস্তর আলোচনার সুযোগ রয়েছে। সময় সুযোগ পেলে নিশ্চয়ই পাঠকদের সাথে তা ভাগাভাগি করে নিব।

**লেখক: কলামিস্ট, নিউইয়র্ক।**

# কাছ থেকে দেখা দেশের স্বাস্থ্যব্যবস্থা

ডা. মো. ইহতেশামুল হক চৌধুরী

শুরুতেই দুটি স্মৃতিচারণ। এক যুগেরও বেশি সময় আগে উপজেলায় চাকরি করেছিলাম। সেই উপজেলায় ম্যালেরিয়া মশা প্রতিরোধক নেট (মশারি) বিতরণ শেষে একজন এনজিও কর্মকর্তা এসে বললেন, স্যার ১৮৭টি মশারি বিতরণ করা হয়েছে, এই তালিকায় স্বাক্ষর করেন। আমি তাকে পরদিন বিকালে আসতে বললাম। উপজেলার প্রধান স্বাস্থ্য কর্মকর্তা হিসেবে আমার স্বাক্ষরসহ ওই বিতরণ তালিকাটি তিনি তার প্রধান অফিসে প্রেরণ করবেন। পরদিন সকালে নিজে মোটরসাইকেল চালিয়ে তালিকাভুক্ত পরিবার যাচাই করতে গিয়ে তালিকার প্রথম ষোলটি পরিবারের মধ্যে মাত্র দুটি মশা প্রতিরোধক নেট প্রাপ্তির কথা স্বীকার করল। বাকিরা পায়নি বলে জানাল। আমি আর কষ্ট করে বাকিগুলো দেখিনি এবং সেই তালিকাটিতেও স্বাক্ষর করিনি।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশের স্বাস্থ্যব্যবস্থা গ্রামীণ জনগোষ্ঠীর দোরগোড়ায় পৌঁছে দিতে এবং স্বাস্থ্য কাঠামোকে গণমুখী করে গড়ে তুলতে দেশের স্বাস্থ্যব্যবস্থা ঢেলে সাজানোর পরিকল্পনায় স্বাধীনতার পর একজন চিকিৎসককে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সচিব হিসেবে দায়িত্ব দিলেন। চিকিৎসকরা প্রথম শ্রেণির মর্যাদা পেলেন। উপজেলা ও কোনো কোনো ইউনিয়নে স্বাস্থ্য স্থাপনা তৈরি করে প্রান্তিক পর্যায়ে স্বাস্থ্যসেবা মানুষের দোরগোড়ায় পৌঁছে গেল। এ এক অবিস্মরণীয় ঐতিহাসিক ঘটনা।

বঙ্গবন্ধুর শাহাদতবরণের পর ১৯৯৬ থেকে ২০০১ এবং পরবর্তী সময় ২০০৬ থেকে ২০২০ সালে দেশের স্বাস্থ্যব্যবস্থায় বিশাল প্রাপ্তি ঘটেছে। আমাদের প্রাইমারি হেলথ কেয়ার আর ইপিআই বিশ্বের নজরকাড়া সাফল্য পেয়েছে। পোলিও নির্মূল হয়েছে। ম্যালেরিয়া প্রায় নির্মূলের পথে। আমরা টিবি ও এইচআইভি নিয়ন্ত্রণে সফল হয়েছি। ধনুষ্টংকার, হাম এগুলো কদাচিৎ দেখা যায়। কমিউনিটি ক্লিনিক আজ বিশ্বের রোল মডেল। মাতৃমৃত্যু, শিশুমৃত্যু হ্রাসে এমডিজির সফল বাস্তবায়নের পর এসডিজির সঠিক লক্ষ্যমাত্রায় চলমান। কিডনি, হৃদরোগ, নিউরোসার্জারি চিকিৎসার উন্নতি কিংবা শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইন্সটিটিউট প্রতিষ্ঠা আমাদের অহঙ্কারের বিষয়। অনেকগুলো সরকারি মেডিকেল কলেজসহ চারটি মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা এক যুগান্তকারী ঘটনা। সর্বোপরি ব্যয়বহুল স্বাস্থ্য খাতে মানসম্মত বেসরকারি স্বাস্থ্যসেবা দেশের চাহিদার ষাট ভাগ পূরণ করছে। এগুলোসহ চিকিৎসাক্ষেত্রে অসংখ্য মৌলিক বিষয় সংযোজিত হয়েছে দূরদৃষ্টিসম্পন্ন নেতা শেখ হাসিনার নির্দেশ আর ঐকান্তিক প্রচেষ্টায়।

কষ্ট নিয়েই বলতে হয়, মহামারী করোনা স্বাস্থ্য ব্যবস্থাপনায় অনেক দুর্বলতা ও সমন্বয়হীনতা আমাদের নতুন করে ভাবনার খোরাক জুগিয়েছে। গত কয়েক বছরে আমাদের স্বাস্থ্য খাতে মন্ত্রণালয় কিংবা অধিদফতরে যারা প্রধান প্রধান পদে দায়িত্বে ছিলেন তাদের অদূরদর্শিতা, অক্ষমতা, দুর্নীতি আর দেশ ও দেশের মানুষের প্রতি অবজ্ঞা চূড়ান্তভাবে পরিলক্ষিত হয়েছে। কোটারি স্বার্থ সংরক্ষু, নিজেদের ব্যক্তিগত ‘ইগো’ বাস্তবায়ন আর দুর্নীতিকে আশকারা দিয়ে তারা সরকারকেই শুধু বিব্রত করেননি, দেশের মানুষকেও প্রতারিত করেছেন। স্বাস্থ্যব্যবস্থা অত্যন্ত স্পর্শকাতর ও অসম্ভব টেকনিক্যাল বটে। গত কয়েক বছর শুধু কেনাকাটাই যেন ছিল মন্ত্রণালয়ের প্রধান কাজ। জেলায় জেলায় সিভিল সার্জন অফিস কিংবা ছোট-বড় হাসপাতালগুলোতে কী কী কেনাকাটা হবে, কোথায় স্থাপনা নির্মাণ হবে- এগুলোতেই মন্ত্রণালয় ব্যস্ত ছিল। আর অনেক ক্ষেত্রে কেনাকাটারই চাহিদা ঠিক করে দিতেন হাসপাতাল কিংবা সংশ্লিষ্ট বিভাগের চিকিৎসক নয়, মন্ত্রণালয়ের কর্তাব্যক্তিদের ঠিকাদাররা। হাসপাতাল কর্তৃপক্ষ এই কেনাকাটা নির্দিষ্ট ঠিকাদারদের না দিতে পারলে অনেক হাসপাতাল ব্যবস্থাপক ওএসডি কিংবা বদলি হয়েছেন। অনেকে উপর মহলের টেলিফোনে কাজ দেয়ার পর আজ দুর্নীতি দমনের মামলায় জেলে কিংবা বিচারের অপেক্ষায় আছেন। যার হুকুমে কাজটি হল তিনি বা তারা ধোয়া তুলসীপাতা! লিখিত অভিযোগ দেয়ার পরও যে মন্ত্রণালয় সেটি আমলে নেয় না কিংবা অভিযোগ খতিয়ে দেখে না, সেই মন্ত্রণালয় দিয়ে সরকার ও জনগণ কতটুকু সফল হবে তা সময়ই বলে দিল।

টাঙ্গাইলের দুটি উপজেলায় সর্বজনীন স্বাস্থ্যব্যবস্থা নিয়ে যিনি দীর্ঘদিন কাজ করেছেন এবং প্রচুর অর্থ ব্যয় করেও প্রকল্পগুলো সেখানে আলোর মুখ দেখেনি, সেই ব্যক্তি ঘুরেফিরে স্বাস্থ্য মন্ত্রণালয়ে বছরের পর বছর বড় পদে বহাল তবিয়তে আছেন। তার হাত ধরে স্বাস্থ্যব্যবস্থা কতটুকু অগ্রসর হবে, আজকের সময়ই তা বলে দিচ্ছে। অধিদফতরের অবস্থা আরও নাজুক। দীর্ঘদিন এমআইএসে কাজ করা বায়োকেমিস্ট্রির অধ্যাপক আজ অধিদফতরের প্রধান ব্যক্তি। ইউনিয়ন সাবসেন্টার, উপজেলা স্বাস্থ্যব্যবস্থা, সিভিল সার্জন কার্যালয় কিংবা মেডিকেল কলেজের কোনো ব্যবস্থাপনার দায়িত্ব পালন কিংবা ওইসব স্থাপনার কোনো স্তরে কাজ না করে একজন শিক্ষক বাংলাদেশের সমুদয় স্বাস্থ্যব্যবস্থার কোথায় কী প্রয়োজন তা কিভাবে নির্ণয় করবেন? অফিসে বসে কম্পিউটার টিপে দিয়ে সেই এনজিও কর্মকর্তার মতো মশারি বিতরণ সম্ভব, বড় বড় উন্নয়নের স্ক্রিপ্ট লেখা সম্ভব; কিন্তু স্বাস্থ্যব্যবস্থার উন্নতি কিভাবে সম্ভব বোঝা মুশকিল। তার অফিসে একজন কর্মচারী হাজার কোটি টাকা লোপাট করে নিয়ে গেল আর অফিসপ্রধানের কক্ষের বাইরে লেখা- ‘আমি ও আমার অফিস দুর্নীতিমুক্ত’; বিষয়টি হাস্যকর নয় কি? আট-দশ বছর এমআইএসের প্রধান কর্তা হয়েও দেশের স্বাস্থ্যব্যবস্থায় এ মুহূর্তে কতজন চিকিৎসক কাজ করছেন এই গুরুত্বপূর্ণ তথ্যটিও তিনি জাতিকে জানাতে পারেননি। এমআইএসের শতকোটি টাকা কী কী কাজে লাগানো হল তার খবরও কেউ জানে না। অধিদফতরের নবনিয়োগপ্রাপ্ত আরেক প্রধান কর্তা অনৈতিকভাবে তার পদ আঁকড়ে ধরে আছেন বলে মন্ত্রণালয়ে অভিযোগ থাকার পরও মন্ত্রণালয় তার তদন্ত না করে তাকে সেই পদে রহস্যজনকভাবে বহাল রেখেছে বলে অভিযোগ পাওয়া যায়; আর তিনিও দিব্যি সাধু সেজে বসে আছেন। অধিদফতরের হাসপাতাল পরিচালক পুরো চাকরিজীবনে মাত্র কয়েক মাসের জন্য একটি জেলার ডিসিএস ছিলেন, তাও সেই সময়টুকুতে তিনি কী কাজ করেছেন তা অনেকেই জানেন না। দেশের কোনো হাসপাতালেই ব্যবস্থাপনার কাজ করার কোনো অভিজ্ঞতা তার নেই। তিনি বাংলাদেশে কয়েকশ’ হাসপাতালের কী দেখভাল করবেন? পরিচালক গবেষণা ও উন্নয়ন ইপিডেমিওলজির একজন অধ্যাপক। তার কাজ গবেষণা ও অধ্যাপনা। দেশের স্বাস্থ্যব্যবস্থার প্রয়োজনীয়তা তিনি কী জানেন আর তিনি দেশের স্বাস্থ্যব্যবস্থায় উন্নয়নের হাজার কোটি টাকার কী পরিকল্পনা করবেন? পুরো অধিদফতরের পরিচালক পদে বিভিন্ন প্রি-ক্লিনিক্যাল ও ক্লিনিক্যাল বিষয়ের অধ্যাপকরা দায়িত্ব পালন করছেন। একজন অধ্যাপক তার নির্দিষ্ট বিষয়ে প্রচুর জ্ঞান রাখেন এবং তার চাকরিকালীন সঙ্গত কারণেই রোগী দেখা, শিক্ষা কার্যক্রম ছাড়া কোনো জটিল প্রশাসনিক ব্যবস্থাপনার সঙ্গে তিনি জড়িত থাকেন না। অধ্যাপকরা মেডিকেল কলেজে অধ্যাপনা করবেন, গবেষণা করবেন, প্রয়োজনে মেডিকেল কলেজগুলোতে অধ্যক্ষ-উপাধ্যক্ষ পদে অধিষ্ঠিত হবেন। স্বাস্থ্য অধিদফতরের ক্যাডার কম্পোজিশন আর অর্গানোগ্রামের বিন্যাস অনুযায়ী সেখানে মাত্র দু-একটি পরিচালক পদ ছাড়া সব পদই মাঠপর্যায়ে কর্মরত চিকিৎসকদের পদোন্নতির মাধ্যমে পরিচালক পদে আসার কথা। ইউনিয়ন পর্যায় থেকে কাজ করে যারা পর্যায়ক্রমে মাঠের সব হাসপাতালে ব্যবস্থাপনার দায়িত্বে কাজ করছেন, তাদের মধ্য থেকেই চৌকস ও যোগ্য কর্মকর্তার অধিদফতরের পরিচালক পদে আসার কথা। আর তাতে করেই পুরো মাঠের চিত্র ও অভিজ্ঞতা কাজে লাগানোর পাশাপাশি দেশের প্রান্তিক পর্যায়ের স্বাস্থ্যকর্মীদের সঙ্গে তাদের পূর্বের কর্মকালীন সময়ের নিবিড় সম্পর্ক- সব মিলিয়ে একজন পরিচালক হয়ে উঠতে পারেন যথার্থ মানের। বিসিএস নিয়োগ বিধিমালার ক্যাডার সিডিউল তছনছ করে দিয়ে অধিদফতরে মন্ত্রণালয়ের বড় কর্তাদের আশীর্বাদপুষ্ট ‘মাইম্যান’দের গুরুত্বপূর্ণ পদে বসিয়ে স্বাস্থ্য ব্যবস্থাপনাকে ধ্বংসের দ্বারপ্রান্তে পৌঁছে দেয়া হয়েছে। এমনিভাবে পরিচালকের মতো গুরুত্বপূর্ণ পদে যারা বসেন, তাদের অধিকাংশ হয় নিষ্ক্রিয় অথবা প্রান্তিক পর্যায়ের সঙ্গে যোগাযোগ ও নিয়ন্ত্রণহীন হয়ে পড়েন।



সমসাময়িক করোনার ছোবল মোকাবেলায় মন্ত্রণালয়, অধিদফতর ও আইইডিসিআর সম্পূর্ণ প্রস্তুত বলে দাবি করে আসছিল। দেশে কোভিড-১৯ আক্রান্ত হওয়ার আগে দেশের কোন কোন হাসপাতাল কোভিড ডেডিকেটেড ছিল, কোথায় কোথায় আইসিইউ ছিল, কত শয্যার আইসিইউ ছিল, কোন হাসপাতালে ফ্লু-কর্নার স্থাপন করা হবে, কোন হাসপাতালে ট্রায়াজ সিস্টেম হবে, ডায়ালাইসিস, হৃদরোগ, ক্যান্সারসহ জটিল রোগের রোগীরা কোন হাসপাতালে কিভাবে চিকিৎসা নেবেন, কতজন ডাক্তার, নার্স, ওয়ার্ড বয়, ক্লিনার কোভিড মোকাবেলার ট্রেনিং নিয়েছিল, চিকিৎসা সুরক্ষা সরঞ্জাম কোথায় ছিল, এগুলো ব্যবহারের ট্রেনিং কখন দেয়া হল, কতটা টেস্টিং ল্যাবরেটরি ছিল- তা আমরা কেউ জানি না। সেই মশারি বিতরণের মতো এগুলো কি শুধু খাতা কিংবা কম্পিউটার শিটে লিখে রেখে প্রস্তুতির খবর দেয়া হয়েছিল?

২০০০ কিট নিয়ে আইইডিসিআর যে হিরোইজম দেখাল, তা কিসের ভিত্তিতে? তারা আজ কোথায়? তাদের কাজ তো গবেষণা করা, তারা তো রিসার্চ ল্যাবরেটরি, সার্ভিস ল্যাবরেটরি নয়। নিপসম, সিডিসি কোথায়? WHO যেখানে রোগ নির্ণয়ের ওপর গুরুত্ব দিচ্ছে, সেখানে আজও অধিদফতরের কোনো কোনো পরামর্শক মিডিয়াকে বলেন, রোগ নির্ণয় এত জরুরি নয়। এরা কারা? তাহলে আজ ৪৮টিরও অধিক ল্যাব তৈরি করেও বলা হচ্ছে কেন আরও ল্যাব লাগবে? গণমাধ্যমের খবর অনুযায়ী তাড়াহুড়ো করে আজ ২০০৯ মডেলের আরটিপিসিআর মেশিন কেন কেনা হচ্ছে? কারা এগুলো কেনার পরামার্শ দিচ্ছে? কোনো কোনো হাসপাতাল সেই মেশিন না নিতে চাইলে অনুরোধ করে সেগুলো আপাতত রেখে দেয়ার কথা কেন বলা হচ্ছে? ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী ও মাস্ক নিয়ে এত কেলেংকারি হল কেন? কেন তা গ্রহণে অস্বীকৃতি জানালে পরিচালককে ওএসডি ও বদলি করা হল? মাস্ক কেলেঙ্কারি তদন্তের রিপোর্ট কোথায়? পরিচালক বদলি করতে সময় লাগে না, তবে এ তদন্তে ক্ষমতাশালী মন্ত্রণালয়ের এত সময়ক্ষেপণ কেন? এত চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মী আক্রান্তের দায়ভার কে নেবে? বাংলাদেশে এ পর্যন্ত বিশ্বের সবচেয়ে বেশি স্বাস্থ্যকর্মী আক্রান্তের কথা অধিদফতরের বুলেটিনে বলতে লজ্জা কেন?

মনীষীরা বলেন, একটা খারাপ সময়ও অনেক ভালো আগামীর প্রস্তুতির সুযোগ করে দেয়। করোনাকালের সমাপ্তি শেষে জগৎ-সংসার আলোকিত হবেই। সেই আলোকিত বাংলাদেশে আমরা স্বাস্থ্য মন্ত্রণালয়ে আর কোনো দুর্নীতি দেখতে চাই না। দুর্নীতির পক্ষে না থাকার কারণে কোনো কর্মকর্তার শাস্তিমূলক বদলি, ওএসডি দেখতে চাই না। আমরা কম্পিউটারে ছাপাকৃত রিপোর্টের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কাজও দেখতে চাই, সরকারের চিন্তা ও চেতনার সঙ্গে আনুগত্যশীল কর্মকর্তাদের মন্ত্রণালয় ও অধিদফতরের প্রধান পদে দেখতে চাই, অধিদফতরে দক্ষ, সৎ, মাঠপর্যায়ের কর্মীকে দায়িত্বশীল পরিচালক পদে দেখতে চাই, অধ্যাপকদের অধ্যাপনার পদ ও অধিদফতরের যে পদে অর্গানোগ্রাম অনুযায়ী তাদের থাকার কথা সেই পদে দেখতে চাই। বিজ্ঞ আদালত কিংবা মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার বিরুদ্ধে যারা কাজ করে ধৃষ্টতা দেখান, তাদের আমরা কোথাও দেখতে চাই না। মন্ত্রণালয়, অধিদফতরের সবজান্তা কর্মকর্তাদের নিষ্ফল প্রয়াসের দায়ভার চিকিৎসক সমাজ কিংবা জাতি নিতে চায় না। সরকারের চেতনাবিরোধী ব্যর্থ ব্যক্তিদের দায়ভার জননন্দিত সরকার বহন করবে কেন? স্বাস্থ্য অধিদফতরের সর্বক্ষেত্রে ক্যাডার কম্পোজিশনের পুরোপুরি বাস্তবায়ন চাই।

আমরা স্বাস্থ্য খাতে বাজেট বৃদ্ধি চাই, হাসপাতালগুলোতে আধুনিক যন্ত্রপাতি ও প্রচুর পরিমাণে জনবল নিয়োগ করে জনগণের জন্য যথাযথ স্বাস্থ্যসেবা প্রদানের উদ্যোগ দেখতে চাই। রাজাকার সন্তান, লুটেরা, নীতিবিবর্জিত আর অক্ষম ব্যক্তিদের হাতে স্বাস্থ্যব্যবস্থা দেখতে চাই না। আমরা কর্মস্থলে নিরাপত্তা চাই, দ্রুত ক্যাডার বৈষম্যের নিরসন চাই, নবীন চিকিৎসকদের ক্যারিয়ার প্লানিং চাই। চিকিৎসাবিজ্ঞানে গবেষণার ক্ষেত্র এরপর ১২ পৃষ্ঠায়

২০০০ কিট নিয়ে আইইডিসিআর যে হিরোইজম দেখাল, তা কিসের ভিত্তিতে? তারা আজ কোথায়? তাদের কাজ তো গবেষণা করা, তারা তো রিসার্চ ল্যাবরেটরি, সার্ভিস ল্যাবরেটরি নয়। নিপসম, সিডিসি কোথায়? WHO যেখানে রোগ নির্ণয়ের ওপর গুরুত্ব দিচ্ছে, সেখানে আজও অধিদফতরের কোনো কোনো পরামর্শক মিডিয়াকে বলেন, রোগ নির্ণয় এত জরুরি নয়। এরা কারা? তাহলে আজ ৪৮টিরও অধিক ল্যাব তৈরি করেও বলা হচ্ছে কেন আরও ল্যাব লাগবে? গণমাধ্যমের খবর অনুযায়ী তাড়াহুড়ো করে আজ ২০০৯ মডেলের আরটিপিসিআর মেশিন কেন কেনা হচ্ছে? কারা এগুলো কেনার পরামার্শ দিচ্ছে? কোনো কোনো হাসপাতাল সেই মেশিন না নিতে চাইলে অনুরোধ করে সেগুলো আপাতত রেখে দেয়ার কথা কেন বলা হচ্ছে? ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী ও মাস্ক নিয়ে এত কেলেংকারি হল কেন? কেন তা গ্রহণে অস্বীকৃতি জানালে পরিচালককে ওএসডি ও বদলি করা হল? মাস্ক কেলেঙ্কারি তদন্তের রিপোর্ট কোথায়? পরিচালক বদলি করতে সময় লাগে না, তবে এ তদন্তে ক্ষমতাশালী মন্ত্রণালয়ের এত সময়ক্ষেপণ কেন? এত চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মী আক্রান্তের দায়ভার কে নেবে?


# মানব জাতি কি করোনার শিক্ষা নেবে?

জেসমিন সুলতানা

আমরা পৃথিবীর ফুসফুস আমাজন রেইনফরেস্ট ধ্বংস করেছি। তাই করোনা আমাদের ফুসফুসে আঘাত হেনেছে। আমরা পৃথিবীকে জ্বালিয়ে রুক্ষ শুষ্ক করে দিয়েছি। তাই করোনা তীব্র জ্বর নিয়ে তার যন্ত্রণা আমাদের বোঝাতে এসেছে। আমরা বাতাসকে দূষিত করেছি। তাই করোনা আমাদের শিক্ষা দিচ্ছে শ্বাসকষ্টের

করোনাভাইরাসের প্রকোপ খানিকটা ধাক্কাই দিয়েছে দেশের আইন অঙ্গনে। একাধিক আইনজীবীর মৃত্যু হয়েছে। কয়েকজন আক্রান্তও হয়েছেন। এই অবস্থায় স্বভাতই শঙ্কা জাগে, ভয় জাগে, হন্তারক এ ভাইরাসকে প্রতিরোধ করার প্রস্তুতি বা সক্ষমতা কি আইনজীবীদের আছে?

গত ডিসেম্বরে চীনের উহান প্রদেশে তীব্র আক্রোশ নিয়ে করোনার আবির্ভাব। সবাইকে ঢুকিয়ে দিলো ঘরে। প্রকোপটা তখনো আমরা সেভাবে আঁচ করিনি। ভেবেছি, ধ্যাৎ, ওটা তো চীনের মানুষকে ধরেছে। অথচ কদিন পরেই একে একে এ ভাইরাসের আগ্রাসী আক্রমণে পর্যদুস্ত হতে থাকলো বাঘা বাঘা দেশগুলো। এখনতো গোটা বিশ্বই এক প্রকার মৃত্যুপুরীতে পরিণত হয়েছে করোনার তান্ডবে। আসলে আমরা মানুষ নামের দানবেরা সীমাহীন অত্যাচার করে চলেছি পৃথিবীকে। করোনাভাইরাসকে আমরা যদি প্রকৃতির প্রতিশোধ ধরে নিই, তাহলে বাড়াবাড়ি হওয়ার কথা নয়। হয়তো প্রকৃতি আমাদের ফিসফিস করে বলেছে বন্ধ করো অত্যাচার, সশব্দে বলেছে বন্ধ করো অত্যাচার, চিৎকার করে বলেছে বন্ধ করো অত্যাচার।



আমরা যে মুক, বধির, অন্ধ- আমরা মানবজাতি কিছু দেখেও দেখি না, শুনেও না শোনার ভান করি। আমরা দিনের পর দিন পৃথিবীকে করে চলেছি বিষাক্ত, বসবাস অযোগ্য। তারও তো সহ্যের সীমা আছে।

আসলে আমাদের শিক্ষার প্রয়োজন ছিল বলেই যেন জাগাতে এসেছে করোনা। আমরা বিভিন্ন কলকারখানায় জীবাশ্ম জ্বালানির মাত্রাতিরিক্ত ব্যবহার করে বায়ুকে করেছি দূষিত। পানিকে দূষিত করেছি বিভিন্ন জাহাজ ও কলকারখানার বর্জ্য ফেলে। এই অত্যাচারের প্রতিশোধ তো নিতেই হবে।

আমরা পৃথিবীর ফুসফুস আমাজন রেইনফরেস্ট ধ্বংস করেছি। তাই করোনা আমাদের ফুসফুসে আঘাত হেনেছে। আমরা পৃথিবীকে জ্বালিয়ে রুক্ষ শুষ্ক করে দিয়েছি। তাই করোনা তীব্র জ্বর নিয়ে তার যন্ত্রণা আমাদের বোঝাতে এসেছে। আমরা বাতাসকে দূষিত করেছি। তাই করোনা আমাদের শিক্ষা দিচ্ছে শ্বাসকষ্টের।

আমরা পানিকে পানের অনুপযুক্ত করেছি। খাবারে ফরমালিন বিষ মিশিয়ে মানুষকে খাইয়েছি। তাই করোনা এসেছে সে ব্যথা বোঝাতে। আমরা অস্ট্রেলিয়ার দাবানলে পোড়া অসহায় বন্যপ্রাণীদের কথা বেমালুম ভুলে গেলাম। ওদের পুড়ে যাওয়ার যন্ত্রণার বদলায় করোনা যেন এসেছে শরীরের তীব্র বেদনা নিয়ে। তারপরও আমরা শিক্ষা নেইনি, নিতেও যেন চাই না। আমরা ভুলে যাই আমাদের বন-বনানীকে। বন তার বুক পেতে আমাদের রক্ষা করছে। আমরা বেঈমান, আস্ফালন করা, দাম্ভিক অকালকুষ্মান্ড এক জাতি, অকৃতজ্ঞতা আমাদের রক্তে। তা না হলে কি পারি আমাদের প্রাণ সুন্দরবনকে উজাড় করে দিতে?

যখন দুনিয়ার সর্বত্র অবিচার-অযাচার, দুর্নীতি-জালিয়াতি, কালো টাকার কারবার দেখছিলাম, তখনই মনে হয়েছে প্রকৃতি শোধ না নিয়ে কীভাবে পারবে?

বিশ্বকে স্তব্ধ করে দিয়ে করোনা আমাদের ঘরে থাকতে বাধ্য করেছে। ঘরে বসে দরোজায় মৃত্যুর কড়া নাড়া শুনলেও আমাদের চুরি-অপকর্ম বন্ধ নেই। এমন দুঃসময়েও আমরা চাল চুরি, প্রণোদনা চুরি, ঠকবাজি, জিনিসপত্রের দাম বাড়ানো, জালিয়াতি চালিয়েই যাচ্ছি।

মানবজাতি যখন ঘরবন্দি, তখন আকাশ স্বচ্ছ নীল মায়া ছড়াচ্ছে, পাখ-পাখালি গাইছে প্রাণভরে, হাসছে ফুল-ফসলের বাগান। ডলফিনেরা বেড়াতে পারছে সাগরতীরে। লাল কাকড়া খেলে বেড়াচ্ছে বালুচরে। বন্যপ্রাণীরা অরণ্য ছেড়ে আসছে লোকালয়ে। সবুজে শ্যামলে ছেয়ে গেছে প্রকৃতি। এমন স্নিগ্ধ সকাল দেখে মনে হয় তারুণ্যে ভরা এক সুন্দর পৃথিবী রচনা করেছে করোনা।

এমন দুর্দিনে আমরা আইনজীবী ভাইবোনেরা একটু ধৈর্য ধরি। আমাদের পাশে কেউ নেই। আমাদের স্বাবলম্বী হয়ে নিজেকেই পরিস্থিতি মোকাবিলা করতে হবে। সুপ্রিম কোর্ট বারসহ আত্মীয়-স্বজন, বন্ধু, ভাই-বোন সবাই নিরাপদে থাকি।

**লেখক: আইনজীবী, বাংলাদেশ সুপ্রিম কোর্ট।**

# সাবধান থেকেও আমার বাসায় কীভাবে করোনা এলো?

## ডা. মালিহা মান্নান আহমেদ



আমার অনেক কথা বলার আছে। উপসর্গ ও আক্রান্তের কাছাকাছি থাকার পরও গত দশ দিনে আমি দুইবার করোনা নেগেটিভ হয়েছি। আমার ১৬ বছরের মেয়ে ও বাড়ির তিনজন কর্মী দশ দিন আগে করোনা পজিটিভ হয়েছে। এদের কেউই গত দুই মাসে একবারও বাসার বাইরে পা দেয়নি। একটি চমৎকার পরিকল্পনা কীভাবে ভেস্তে যেতে পারে সেটির জ্বলন্ত উদাহরণ আমাদের বাসা। অবশ্যই, অবস্থার এই অবনতির পর আমরা আরও কঠোর পদক্ষেপ নিয়েছি এবং আমি ছাড়া বাসার করোনা নেগেটিভ সবাইকে বিভিন্ন স্থানে বিচ্ছিন্ন রাখা হয়েছে। চিকিৎসকদের মত হলো, এমন পরিস্থিতিতে আমার করোনা নেগেটিভ এলেও নিজেকে পজিটিভ হিসেবে ধরে নিতে হবে। আমি একজন কঠিন প্রকৃতির মানুষ। নিশ্চিত হয়ে জানতে চাই আমি আক্রান্ত হয়েছি নাকি আক্রান্ত হইনি। এবং কোনও একসময় অ্যান্টিবডি (সেরোলজিক্যাল) পরীক্ষা করতে যাবোই।

২৯ মে বাংলাদেশে সর্বোচ্চ করোনায় আক্রান্ত শনাক্ত হয়েছে। ১১ হাজার ৩০১টি পরীক্ষার মধ্যে পজিটিভ হয়েছে ২ হাজার ৫২৩ জন, শতকরা হিসেবে স্তম্ভিত হওয়ার মতো ২২ শতাংশ। প্রতিদিনই আক্রান্তের হার বেড়ে চলেছে, হাসপাতালের বেডগুলো রোগীতে ভরে যাচ্ছে, বিশেষ করে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা সংক্রমিত হচ্ছেন। এই পরিস্থিতিতে যখন আরও কঠোর পদক্ষেপ নেওয়ার ইঙ্গিত দিচ্ছে তখন সরকার বিপরীণ পদক্ষেপ নিয়ে জাতিকে বিস্মিত করছে। ভয়ের, তাই না? সংক্রমণের ঊর্ধ্বগতি ঠেকানোর কী হবে? আক্রান্তের সংখ্যা বাড়তে থাকলে হাসপাতালগুলো কীভাবে মানিয়ে নেবে? দুঃখের বিষয় হলো, যখন জীবন ও জীবিকার প্রশ্ন সামনে চলে আসে, তখন আমাদের মতো দেশগুলো কঠিন সিদ্ধান্তের মুখে পড়ে যায়। আমি কোনও পক্ষ নিতে যাচ্ছি না। কারণ আমি বুঝতে পারি যে, গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সাধারণত তথ্য-উপাত্তের ওপর নির্ভর করে নেওয়া হয়, যাতে তা অধিকাংশ মানুষের স্বার্থের পক্ষে যায়। গত তিন মাসের বিভিন্ন সময় বিশ্বের মোট জনসংখ্যার এক-তৃতীয়াংশ লকডাউনে ছিল। মালয়েশিয়া, থাইল্যান্ড, শ্রীলঙ্কা ও ভিয়েতনাম আক্রান্ত ও মৃতের সংখ্যা প্রত্যাশিত এক অঙ্কে নিয়ে আসতে পেরেছে। এই দেশগুলোর লকডাউনের পাশাপাশি শনাক্ত, পরীক্ষা, বিচ্ছিন্ন, সংস্পর্শে আসাদের শনাক্ত ও চিকিৎসার জন্য বিস্তৃত পরিকল্পনা সব সময় ছিল। একই সঙ্গে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি অর্থনৈতিক প্রণোদনা দেওয়া হয়েছে। অবশ্যই এই দেশগুলোর শক্তিশালী জনস্বাস্থ্য ব্যবস্থা, বছরের পর বছর ধরে চিকিৎসা খাতে বিনিয়োগ এবং সার্স ও এইচ১এন১ ইত্যাদির অভিজ্ঞতায় ভালোভাবে মহামারি মোকাবিলায় সহযোগিতা করেছে। বাংলাদেশেও অর্থনৈতিক প্রণোদনা ঘোষণা করা হয়েছে, সরকারের সবচেয়ে বড় দুশ্চিন্তার বিষয় খাদ্য নিরাপত্তাও নিশ্চিত করা হয়েছে। কিন্তু তবু আমরা প্রত্যাশা করতে পারি না যে বর্তমানের অপ্রতুল জনস্বাস্থ্য ব্যবস্থার পরিবর্তন হয়ে গেছে দুই মাসের মধ্যে।

কোভিড সংখ্যা ও পরিস্থিতিতে ফিরে আসি। গত দুই সপ্তাহে পরিবার নিয়ে অভিজ্ঞতায় আমার কিছু পর্যালোচনা আছে। আমাদের বাসায় ৭৭ বছরের মা-সহ লোকসংখ্যা ১১ জন। করোনার সংক্রমণ ঠেকাতে নেওয়া ব্যবস্থার কোনও একটির দুর্বলতার সুযোগে আমার মেয়ে আক্রান্ত হয়েছে। তার একদিন ধরে জ্বর ও দ্রুত নিশ্বাস নিচ্ছিলো। এতে করে বাসার সবার পরীক্ষা করানো হয়। আরও তিনজনের করোনা শনাক্ত হয় এবং তাদের কারও কোনও লক্ষ্ণ-উপসর্গ ছিল না। ফলে যদি আমরা পরীক্ষা না করতাম তাহলে এই তিন জনের আক্রান্তের কথা কখনও জানতে পারতাম না। এতে আমরা কী বুঝতে পারছি? আমরা কি ধারণা করতে পারি না সমাজে লক্ষ্ণ-উপসর্গহীন আক্রান্ত অনেকেই রয়েছেন এবং রোগটি নীরবে ছড়িয়ে যাচ্ছে?

আমাদের ক্ষেত্রে যদি পুরো পরিস্থিতি ভিন্নভাবে তুলে ধরা হতো তাহলে আমরা কী ভাবতাম? যেমন, কল্পনা করুন বাংলাদেশে এমন প্রতিবেদন পাওয়া গেলো যে, দেশে মোট আক্রান্ত ৪৫ হাজার জনের মধ্যে লক্ষ্ণ ও উপসর্গহীন ১০ হাজার মানুষ, ২৪ হাজার মানুষের হাল্কা থেকে মাঝারি লক্ষ্ণ ও উপসর্গ আছে, ৯ হাজারের অধিক মানুষকে হাসপাতালে ভর্তি করা হয়েছে, কিন্তু বেশিরভাগই সুস্থ হওয়ার পথে এবং দুর্ভাগ্যক্রমে ৬০০ জনের মৃত্যু হয়েছে। এটি কি ভালোভাবে উপস্থাপন? এতে কি রোগটি সম্পর্কে আমাদের উপলব্ধিতে কিছুটা পার্থক্য আনে? আমরা কি কাজে ফিরে যেতে আরও বেশি আত্মবিশ্বাসী হই? মনে করিয়ে দিতে চাই, এই সংখ্যাগুলো পর্যালোচনার ভিত্তিতে কল্পনামাত্র এবং আমি তা গুরুত্বসহকারে ভাবছি। কথা হলো, যদি তথ্য আরও বেশি স্বচ্ছ হয় তাহলে ইতিবাচক উপলব্ধি নিয়ে বাস্তবতা অনুধাবনে সহযোগিতা করবে। যাই হোক, গুরুত্বপূর্ণ ফ্যাক্ট থেকেই যায়, আমাদের রোগ প্রতিরোধ ব্যবস্থা বলে দেয় সংক্রমণে অবস্থা কেমন হবে এবং ভাইরাল লোডও এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

যেসব দেশ লকডাউন প্রত্যাহার করেছে সেগুলোতে সময়ে সময়ে জরুরি পদক্ষেপ পুনরায় জারি করতে হয়েছে। জার্মানি, সিঙ্গাপুর, দক্ষিু কোরিয়া, চীন, মালয়েশিয়াড়সব দেশই নতুন আক্রান্ত শনাক্তের প্রেক্ষিতে পুনরায় বিধিনিষেধ জারি করেছে। বাংলাদেশকেও হয়তো একই ধরনের পদক্ষেপ নিতে হবে। আমরাও হয়তো আক্রান্তের সংখ্যা বৃদ্ধির গতি এবং এরপর ধীরে ধীরে সেটির নিম্নগতি দেখতে পাবো। টিকা বা নির্দিষ্ট চিকিৎসা পদ্ধতি আবিষ্কারের আগ পর্যন্ত আমাদের হয়তো কোভিডকে সঙ্গে নিয়ে বেঁচে থাকা শিখতে হবে। সার্স-কভ২-এর মতো রেট্রোভাইরাস পরিবর্তিত হতে থাকায় কার্যকর টিকা উদ্ভাবন জটিল হয়ে পড়ায় দুটি অবস্থার মধ্যে দ্বিতীয়টিই ভালো।

দেশ সচল হওয়ার পর আমাদের কর্তব্য কী?

পরস্পরের জন্য সতর্ক হওয়া আমাদের সম্মিলিত দায়িত্ব। আমাদের পরিবার, বন্ধুবান্ধব, প্রতিবেশী এবং পুরো সম্প্রদায় নিরাপদ থাকলেই কেবল আমরা নিরাপদ থাকতে পারি। বাইরে বেরোনোর সময় মাস্ক পরা যেকোনও জায়গায় ভাইরাসপূর্ণ বাতাসে শ্বাস গ্রহণে সুরক্ষা দেয়। সেই এন-৯৫ মাস্কটি সংরক্ষু করুন, এটি ধুয়ে ফেলুন এবং পুনরায় ব্যবহার করুন। কিংবা সার্জিক্যাল মাস্ক ব্যবহার করুন বা আপনি নিজেই তৈরি করুন। মাস্ক উপসর্গমূলক এবং অ্যাসিম্পটোমেটিক সংক্রমণ দুটি থেকেই সুরক্ষা দেয়। প্রয়োজন ছাড়া জনাকর্টু জায়গায় যাওয়া থেকে বিরত থাকুন। মাস্কের সঙ্গে চশমা/সানগাস ব্যবহার করুন।

প্রয়োজন অনুযায়ী ২০ সেকেন্ড ধরে হাত ধুয়ে নিন বা হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।

বিভিন্ন অফিসের মালিকদের বাতাস চলাচল সম্পর্কে পুনর্বিবেচনা করার প্রয়োজন হতে পারে। অফিসগুলোতে আরও বেশি বাইরের বাতাস চলাচলের প্রয়োজন হতে পারে। এসির বাতাস, জানালা বা ভেন্টিলেটরবিহীন কক্ষের মতো স্থানগুলো প্রাকৃতিক বাতাস আটকে দেয়। এই জায়গাগুলো ভাইরাসের আধার। মাস্ক ছাড়া এসব স্থানে ১৫-৩০ মিনিট অবস্থান স্বাস্থ্য ঝুঁকি বাড়ায়। প্রত্যেককে অবশ্যই ৬ ফুট শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে।

ভিটামিন সি ও ডি, দস্তা, কালোজিরার তেল; আদা, লবঙ্গ, এলাচ ও দারচিনিযুক্ত তুলসী চা এবং প্রতিদিন বাইরে সূর্যের আলো নেওয়া আপনার রোগ প্রতিরোধ ক্ষমতাকে বাড়িয়ে তুলতে সহায়তা করবে।

যদি কোনও ব্যক্তির লক্ষু থাকে বা পরীক্ষায় করোনা পজিটিভ ধরা পড়ে তাহলে তার নিজের ব্যক্তিগত ও গ্রুপের সুরক্ষায় ব্যাপকভিত্তিক ব্যবস্থা নিয়ে রাখাটা সবচেয়ে ভালো। মোবাইলের 'স্পিড ডায়ালে' পারিবারিক চিকিৎসকের নম্বর রাখা জরুরি। ফোনে নিকটতম টেস্টিং বুথ ও হাসপাতালের নম্বর সেভ করে রাখা উচিত। পরিবার ও কমিউনিটির প্রবীণদের অবশ্যই সবসময় সুরক্ষিত রাখতে হবে।

হাসপাতালগুলো কি একটি জাতীয় নির্দেশনা পেয়েছে?


সরকার এখন পর্যন্ত কী কাজ করেছে তার ভিত্তিতে একটি বিস্তৃত কোভিড-১৯ ট্রিটমেন্ট প্রোটোকল প্রতিষ্ঠা করেছে। অক্সিজেন স্যাচুরেশন, অ্যান্টি-কোয়াগুলেশন থেরাপি, রেমডেসিভির অথবা ফাভিপিরাভির ব্যবহার, কোনও রোগী অন্তঃসত্ত্বা হলে পজিশন পরিবর্তন; এগুলো রোগের তীব্রতার ওপর নির্ভর করে হাসপাতালের সেটিংয়ে সুপারিশ করা হয়।

বাড়িতে অক্সিমিটার ব্যবহারের ডিজিজ প্রগনোস্টিক ভেল্যু রয়েছে। তবে অক্সিজেনের স্যাচুরেশন যদি ৯২ শতাংশের কম হয় এবং রোগীর শ্বাসকষ্ট হয় তবে তার উচ্চমাত্রায় অক্সিজেন প্রয়োজন; যা হাসপাতালে আরও ভালোভাবে দেওয়া যায়। স্বাস্থ্য ব্যবস্থায় কোভিড অঞ্চলগুলো থেকে নন কোভিড অঞ্চলগুলো বিচ্ছিন্নকরণের এরপর ১০ পৃষ্ঠায়

আমাদের ক্ষেত্রে যদি পুরো পরিস্থিতি ভিন্নভাবে তুলে ধরা হতো তাহলে আমরা কী ভাবতাম? যেমন, কল্পনা করুন বাংলাদেশে এমন প্রতিবেদন পাওয়া গেলো যে, দেশে মোট আক্রান্ত ৪৫ হাজার জনের মধ্যে লক্ষণ ও উপসর্গহীন ১০ হাজার মানুষ, ২৪ হাজার মানুষের হাল্কা থেকে মাঝারি লক্ষণ ও উপসর্গ আছে, ৯ হাজারের অধিক মানুষকে হাসপাতালে ভর্তি করা হয়েছে, কিন্তু বেশিরভাগই সুস্থ হওয়ার পথে এবং দুর্ভাগ্যক্রমে ৬০০ জনের মৃত্যু হয়েছে। এটি কি ভালোভাবে উপস্থাপন? এতে কি রোগটি সম্পর্কে আমাদের উপলব্ধিতে কিছুটা পার্থক্য আনে?

# পৃথিবীটা কি ক্রমেই বাসযোগ্যতা হারাচ্ছে?

## সিদ্ধার্থ শংকর জোয়ার্দ্দার



মার্টিন রিস নামে একজন নামকরা ব্রিটিশ পদার্থবিজ্ঞানী জাস্ট সিক্স নাম্বার্স নামে ১৯৯৯ সালে একটা বই লিখেছিলেন। বইটাতে তিনি পদার্থবিজ্ঞানের অতি সাম্প্রতিক তথ্য দিয়ে দেখিয়েছেন এই মহাজগৎ এবং ক্ষুদ্র মহাবিশ্বের মধ্য দারুণ একটা সংহতি আছে। গ্রহ, গ্রহাণুপুঞ্জ, ছায়াপথ, নক্ষত্ররাজি এবং তার মাঝে প্রাণগুলো ভীষণ এক সুসমন্বয়ের ভেতর দিয়ে হাত ধরাধরি করে এগিয়ে যাচ্ছে আর এসবের সবকিছু নিয়ন্ত্রণ করছে মাত্র ছয়টা সংখ্যা। মজার ব্যাপার হলো এগুলো কিন্তু নিছক কিছু সংখ্যা না। ভীষণ গুরুত্বপূর্ণ এক একটা সংখ্যা। এদের সুনির্দিষ্ট মানের যদি একটু হেরফের হতো তাহলে পৃথিবীটা কিছুতেই বাসযোগ্য থাকতো না। সবকিছু হয়ে যেত ভয়ানক গন্ডগোল। যেমন, ঘ এর মান ১০৩৬। এটা বিশ্বজগতের সব পরমাণুগুলোকে ধরে রাখার মতো বৈদ্যুতিক শক্তি এবং তাদের অভিকর্ষ বলের অনুপাত হলো এই কিম্ভূত সংখ্যাটা। সত্যি সত্যি মার্টিন রিস দেখিয়েছেন, এই সংখ্যার শূন্য যদি দৈবাৎ একটা কম বা বেশি হতো তাহলে এই পৃথিবীতে তেলাপোকা আর ঘাসফড়িং ছাড়া কোনো প্রাণীরা হয়তো বাঁচত না। কী সাংঘাতিক কথা!

মার্টিন রিসের বরাত দিয়ে এ কথা নিশ্চিত বলা যায়, আমরা যারা এই পৃথিবী নামক গ্রহে বাস করছি এবং বেঁচে আছি তার কারণ বিরাট এক সমঝোতা; সমঝোতাটা হলো বিশ্ব প্রকৃতি ও তার মাঝে বেড়ে ওঠা প্রাণীসকলের মাঝে। অর্থাৎ প্রকৃতি যদি একটু যেমন-তেমন আচরণ করতো তাহলে মানুষ কেন কোনো প্রাণীই বাঁচত না। জীবনলীলা সাঙ্গ হয়ে যেত সেই কবে। আইনস্টাইন মনে করতেন এই জগৎটার মাঝে আছে এক মহাবৈশ্বিক সুশৃঙ্খলতা। এখানে যা কিছু ঘটে অন্তত পদার্থবিজ্ঞানের সূত্র দিয়ে তার পরিমাপ করা কষ্টসাধ্য ব্যাপার না। প্রকৃতিতে আছে চারটি মৌলিক বল-অভিকর্ষ, বিদ্যুৎ-চৌম্বকীয়, দুর্বল আর সবল বল। এগুলো প্রকৃতির আলাদা আলাদা ফিল্ড যাদের মাঝে আপাতত কোনো সম্পর্ক নেই বলে মনে হয়। কিন্তু হয়তো এগুলোর মাঝে আছে ভয়ানক এক অন্তমিল!

আইনস্টাইনের সারাজীবনের একটা স্বপ্ন ছিল, একটা মাত্র সূত্র দিয়ে মহাগজগতের আদ্যপান্ত সব কিছু নির্ভুলভাবে ব্যাখ্যা দেয়া সম্ভব হবে। অর্থাৎ প্রকৃতির এই চারটা বলকে একত্র করে একটা সূত্রের ভেতর নিয়ে আসা সম্ভব বলে তিনি আশা পোষণ করতেন। এটা এক ধরনের নির্ধারণবাদ। সবকিছু যেন আগের থেকে নির্ধারণ করা আছে, শুধু একটা চাবি পেলেই খুলে যাবে রহস্যের দুয়ার। অবশ্য মহাবিশ্বের এই নির্ধারণবাদ অনেকে পছন্দ করেননি। তবে, প্রশ্ন একটা আসতে পারে, যে সমঝোতার মাঝে এই পৃথিবীটা নিয়ত চলছে, তার কি কোনো শেষ নেই? নাকি, অনন্তকাল এমনি করে চলতে থাকবে? এর শেষ আছে নাকি নেই তা জানতে একটু পেছনে যেতে হবে। বিশেষ করে এই পৃথিবী এবং এর মানুষ যখন এক নিদারুণ অস্তিত্বের সংকটে পড়ে তখন বার বার প্রশ্নটা সামনে এসে যায়, আমাদের এই এত আদরের মহাবিশ্ব তথা পৃথিবী কি শেষ হবার পথে?

পদার্থবিজ্ঞান গত একশ বছরে মোটামুটি নিশ্চিত হয়েছে, এই মহাবিশ্বের একটা সূত্রপাত ছিল। হয়তো সেটা ১৪ বিলিয়ন বছর আগে কোনো এক মাহেন্দ্রক্ষণে মহাবিস্ফোরণের মধ্য দিয়ে যাত্রা শুরু করে। বিজ্ঞানীরা এর একটা গালভরা নামও দিয়েছেন ইংরেজিতে 'বিগ ব্যাং'। সেই শুরু। অসীম তাপ, চাপ আর জিরো সিঙ্গুলারিটি বাস্তবতা নিয়ে ক্রমান্বয়ে প্রসারিত হয়ে চলেছে মহাবিশ্বটা। প্রসারনের সাথে সাথে কমেছে এর তাপমাত্রা আর চাপ। অবশ্য সেই শূন্য সময় থেকে সিনেমার মতো একের পর এক পরিবর্তনের মধ্য দিয়ে এগিয়েছে মহাবিশ্বটা। এক অসীম বাস্তবতার টানে চলেছে গন্তব্যহীন এক যাত্রায়। নোবেলজয়ী পদার্থবিজ্ঞানী স্টিফেন ওইয়েনবার্গ তাঁর ফার্স্ট থ্রি মিনিটস নামে একটা বইয়ে অতি চমৎকার করে বর্ণনা দিয়েছেন সেই লোমহর্ষক এবং রোমাঞ্চকর মুহূর্তগুলোর।

তার বহু পরে ধীরে ধীরে শান্ত হতে হতে তৈরি হয়েছে এক মহাজাগতিক বাস্তবতা। তৈরি হয়েছে গ্যালাক্সি আর তারই মাঝে এক মাঝারি মাপের সদস্য আমাদের আত্মার আত্মীয় সূর্য নামক নক্ষত্র। যেখানে আমরা বাস করছি সেই পৃথিবীর জন্ম প্রায় ৪৬০০ মিলিয়ন বছর আগে। হিসাব মতে প্রাণের আবির্ভাব তারও ২৬০০ মিলিয়ন বছর পর। আর আজকের যে ভদ্র মানুষগুলো যাদের হোমো সেপিয়েন্স বলছি তার বয়স প্রায় ৩৫০০০ বছরের বেশি না। সুতরাং বোঝায় যাচ্ছে মানুষের জন্য প্রাণ ধারণের একটা পরিবেশ তৈরি না হলে কোনোদিনই প্রাণের সৃষ্টি হতো না। যেমন সূর্যের মাঝখানে কোনো প্রাণের ছিটেফোটা থাকতে পারে এটা পাগলেও বিশ্বাস করবে না। খুব গরম পড়লে আমরা হাঁসফাঁস করি কেন? হাঁসফাঁস করি এ জন্যই যে আমাদের বাঁচতে গেলে একটা সহনীয় তাপমাত্রা বা পরিবেশ লাগে, না হলে তো অক্কা! গরমকালে কয়েক ডিগ্রি তাপ বেড়ে গেলে মনে হয় এই বুঝি জীবন শেষ! সত্যি তাই।

আমরা সবাই জানি আমাদের এই পৃথিবীতে বেঁচে থাকার প্রধান উৎস সূর্য। সব শক্তির আঁধার। সূর্যের চারদিকে আমরা যে বন বন করে ঘুরছি সেটা আমাদের ঘোরাচ্ছে তাই। আর তা না হলে যদি আমাদের ছেড়ে দিত? রাতের আকাশের দিকে তাকালে আমরা যে কিছু কিছু আলোর গোলক একদিক থেকে আরেক দিকে বিদ্যুৎবেগে ছিটকে যেতে দেখি সেটা হয়তো আমাদের মতোই কোনো গ্রহ বা উল্কার ছন্দপতনের চিহ্ন। নিজের কক্ষপথ থেকে ছিটকে পড়ে আগুনে ভস্মিভূত হওয়ার দৃশ্য। সূর্য যদি আমাদের আর না রাখতে চায় তাহলে হয়তো আমরা ওই রকম আগুনের গোলক হয়ে মিশে যাব অনন্তের যাত্রায়।

তবে সূর্য যে আমাদের ধরে রেখেছে তার তো নিজেরও শক্তি দরকার, নাকি? নিশ্চয়। সূর্য তাহলে কোথায় শক্তি পায়? এর শক্তির উৎস হাইড্রোজেন গ্যাস। এই হাইড্রোজেন গ্যাস প্রতিনিয়ত ফিউশন প্রক্রিয়ায় পুড়ে হিলিয়াম গ্যাসে পরিণত হয়। সংগত কারণে সূর্য নিজেও শক্তিহীন হচ্ছে প্রতিনিয়ত। হিসাব করে বিজ্ঞানীরা বলছেন, সূর্য যদি এমন করে শক্তি হারাতে থাকে তাহলে একদিন সেতো নিজেই দুর্বল হয়ে যাবে। তারপর কী হবে? তারপর হয়তো একটা সুপারনোভা হয়ে বসে থাকবে আকাশের এক কোণে আজীবন। তখন অন্য কোনো জায়গার অন্য কোনো বুদ্ধিমান প্রাণীরা সেই সুপারনোভা দেখে হয়তো গাইবে 'আকাশের ঐ মিটি মিটি তারার সনে কইবো কথা নাইবা তুমি এলে'।

আমাদের এই সুন্দর পৃথিবীটা একদিন থাকবে না, এটা মনে হলে ভীষণ মন খারাপ হয়ে যাচ্ছে, আমি নিশ্চিত। তবে, এই মুহূর্তেই মন খারাপের কিছু নেই, সূর্যটা যদি এভাবে শক্তি হারায়ও তাহলে অন্তত আরও ৫ বিলিয়ন বছর লাগবে এর অন্তিম নাটকে পৌঁছাতে। কাজেই আপাতত সেই ভয়ে মুখ ভার করে বসে থাকার কিছু নেই। তবে ভয় যেটা আছে সেটা কিন্তু খুব ভয়ানক।

পৃথিবীর তাপমাত্রা প্রতিনিয়ত বাড়ছে। বাড়ছে এই জন্য যে মানুষ তার নিজের দরকারে একে ব্যবহার করে চলেছে। অনাবিষ্কৃত জায়গাগুলোতে উন্নয়নের কাজ করছে, শিল্পকলকারখানা বানাচ্ছে, বন উজাড় করছে, নতুন নতুন যানবাহন রাস্তায় নামাচ্ছে, ইটভাটার ধোয়া বাতাসে মেশাচ্ছে, বিদ্যুৎ কেন্দ্র বানাচ্ছে, মেরু অঞ্চলে কাঁচের ঘরে শাকসবজি চাষ করছে, আরও কত্ত কী! এর ফলে বাতাস গরম হচ্ছে আর বাড়ছে নানা রকম গ্রিনহাউজ গ্যাস, যেমন কার্বনডাই অক্সাইড, কার্বন মনোক্সাইড, সিএফসিসহ নানারকম জীবনবিধ্বংসী পদার্থ। জীবাশ্ম জ্বালানি ব্যবহারের ফলে এই দুর্ভোগ আরও ঘনীভূত হয়েছে।

শিল্পবিপ্লবের পর থকে মানুষের জীবনে দেখা দিয়েছে বিরাট এক পরিবর্তন। জীবনে আয়াস বেড়েছে, বেড়েছে গতি আর স্বাচ্ছন্দ্য।

চাকা আবিষ্কার, বিদ্যুৎ আবিষ্কার, যন্ত্র কলকারখানা আবিষ্কার এগুলো মানুষকে দারুণ এক স্বস্তি এনে দিয়েছে কিন্তু এর পেছন মানুষের ক্ষতি হয়েছে বর্ণনাতীত। উড়োজাহাজ আবিষ্কারের আগে মানুষের এক দেশ থেকে আরেক দেশে যাওয়া কত না ঝক্কি এরপর ২২ পৃষ্ঠায়

পৃথিবীর তাপমাত্রা প্রতিনিয়ত বাড়ছে। বাড়ছে এই জন্য যে মানুষ তার নিজের দরকারে একে ব্যবহার করে চলেছে। অনাবিষ্কৃত জায়গাগুলোতে উন্নয়নের কাজ করছে, শিল্পকলকারখানা বানাচ্ছে, বন উজাড় করছে, নতুন নতুন যানবাহন রাস্তায় নামাচ্ছে, ইটভাটার ধোয়া বাতাসে মেশাচ্ছে, বিদ্যুৎ কেন্দ্র বানাচ্ছে, মেরু অঞ্চলে কাঁচের ঘরে শাকসবজি চাষ করছে, আরও কত কী! এর ফলে বাতাস গরম হচ্ছে আর বাড়ছে নানা রকম গ্রিনহাউজ গ্যাস, যেমন কার্বনডাই অক্সাইড, কার্বন মনোক্সাইড, সিএফসিসহ নানারকম জীবনবিধ্বংসী পদার্থ। জীবাশ্ম জ্বালানি ব্যবহারের ফলে এই দুর্ভোগ আরও ঘনীভূত হয়েছে

# সামাজিক যোগাযোগে গ্রুপের যন্ত্রণা

তানিজা খানম জেরিন



সামাজিক যোগাযোগ মাধ্যমে সপ্তাহান্তে আমার সুযোগ ছিল গত আট/নয় বছরে সর্বোচ্চ এক ঘন্টা সময় ব্যয়,আমার ব্যস্ত কর্মজীবনের কম্পিউটারে আইপ্যাডে অনলাইনে যাওয়া হয়না যেহেতু স্মার্ট ফোন ব্যাবহার করি প্রথম দিক থেকেই এতেই সামাজিক যোগাযোগ সহ ই-মেইলগুলি একনজর ফোনেই দেখে ফেলি এবং সামাজিক যোগাযোগের পোস্ট সংখ্যাও নিতান্তই কম, যে কোন বিশেষ দিবসে অথবা কোন সামাজিক অনুষ্ঠানে উপস্থিত থাকলেই এবং আমার মেয়ে গত দশবছর যাবত নৃত্যানুষ্ঠানসহ বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে জড়িত তাই বাধ্য হয়ে মেয়ের কার্যক্রম স্মৃতিময় করে রাখার জন্য মাঝেমধ্যে দুই একটা পোস্ট দিতে হয় এবং আমার ছেলেও অনেক দিন গিটার বাজানোসহ বিভিন্ন সাংস্কৃতিক কর্মকান্ডে জড়িত ছিল, তবে আমার বর বেশীর ভাগ ক্ষেত্রেই সব অনুষ্ঠানের কার্যক্রম আমাকে ট্যাগ করে। আমার যেহেতু সামান্য লেখালেখির অভ্যাস আছে তাই আমি অনেক সাহিত্য সাংস্কৃতিক ও সামাজিক গ্রুপে জয়েন করেছিলাম যদিও ইতিমধ্যেই বহুলাংশেই ত্যাগ করে ফেলেছি এই ত্যাগ করার কারণ ও নানাবিধ যন্ত্রণা ও সামাজিক যোগাযোগের নানাবিধ ঘটনার আলোকপাত করব।

এই বৈশ্বিক করোনাকালে এক অনির্ধারিত সীমাহীন ছুটিতে গৃহ বনবাসী জীবনে আনলিমিটেড সময় পেয়েছি যার জন্য সামাজিক যোগাযোগের সকল অ্যাপস গুলিতেই আমার প্রতিদিনই অনেক সময় ব্যয় হয়। আমি ফেইসবুক, ইউটিউব স্পটিফাই, ইনস্টাগ্রাম, টুইটার, ম্যাসেঞ্জারসহ অনেক অ্যাপসই ব্যাবহার করেছি এবং বিভিন্ন জটিলতা ও যন্ত্রণার জ্বালায় বন্ধ বা অনেক অ্যাপস ডিলিটও করে রেখেছি। কোভিড নাইন্টিনের বৈশ্বিক মহামারীর গৃহ অন্তরীণ জীবনে কমপক্ষে ছয়/সাত ঘন্টা সামাজিক যোগাযোগের মাধ্যমে প্রতিটি দিন চলে যায় যদিও বেশীর ভাগ ক্ষেত্রেই বই পড়ি এবং বাকী সময়টুকু লেখালেখি ও গৃহ কাজকর্মে কাটাই, দুইটা ল্যাপটপ অতিরিক্ত থাকার পরও ফোনেই আমি আমার লেখাপড়াসহ অনলাইনের যাবতীয় কাজ চালিয়ে যেতে স্বাচ্ছন্দ বোধ করি। সামাজিক যোগাযোগের শতাধিক গ্রুপের মেম্বার থাকাতেই প্রতিদিনই নানা ধরনের পোস্ট চোখে পড়ে, গ্রুপের নাম কবিতা সমগ্র অথচ সেখানে মৌলানাদের ওয়াজের ভিডিও প্রচারিত হচ্ছে আমি বুঝে পাই না একটা সাহিত্য সাংস্কৃতিক গ্রুপে কিভাবে ওয়াজের ভিডিও মডারেটরা বা এডমিনরা এপ্রুভ ও প্রচার করে, সাহিত্য সাংস্কৃতিক আরেক গ্রুপ ঘাস ফুল ঐ গ্রুপে একটি পোস্টে একটি মেয়ের ছবি মুখ চেপে ধরে রাখা হয়েছে অর্থাৎ 'কিছু বলতে পারবে না' আমি বুঝে পাই না এই ছবি এই গ্রুপে পোস্ট করার মানে কি? বছর দুয়েক আগে আমি স্টার ভারত টিভি চ্যানেল রাঁধা কৃষ্ণ গ্রুপের মেম্বার হই এবং আমি সবসময়ই প্রশংসা সূচক মন্তব্য লিখতাম ইউটিউবেও রাধা কৃষ্ণের নায়ক আমার খুব পছন্দের যার জন্য একদল কট্টর আমার পিছনে সবসময়ই বিদ্রুপাত্মক তীর্যক মন্তব্য করত এবং এমন কি ফেইসবুকে এসেও তীর্যক মন্তব্য করত এই জ্বালার জন্য আমি সব দেখা বন্ধ করে দিয়েছি আর মন্তব্যও করিনা, আমি সব ধর্মেকেই শ্রদ্ধা করি,আমি আরেক ধর্মের পবিত্র ধারাবাহিক কেন দেখি এবং মন্তব্য করি এটা কিছু কট্টর মানুষের গাত্রদাহ শুরু হয়েছিল এর অর্থ আমি খুঁজে পাইনা,সাহিত্য,সংস্কৃতি শৈল্পিক ভাবনাতো ধর্ম বা দেশের সীমারেখার গন্ডিবিহীন।

ইউটিউব দেখতে গিয়েও যদি কারো সাইটে প্রশংসাসূচক কোন মন্তব্য করি তবে তীর্যক ও অশালীন মন্তব্য ক্রমাগত পেতেই থাকি। সামাজিক যোগাযোগে মেয়েদের বিড়াম্বনার অন্ত নেই। ফেইসবুকেই দেখি অনেক পুরুষরা নিজেদের ছবি দেয় এবং একখানা ফেইসবুকেই জাল হাদিস দাখিল করেন 'স্ত্রী ও কন্যাদের ছবি পোস্ট করলে তারা জাহান্নামী হবে' মেয়েদের ছবি পোস্ট দেখে বোকা কিছু পুরুষরা কিভাবে জান্নাত ও জাহান্নাম নির্ধারিত করে? তারা নিজেরাও কি জানে না তাদের ছবি পোস্ট দিয়ে তারা তাদের মতাদর্শানুযায়ী অলরেডি জাহান্নামে আছে। মেয়েদের জন্য জাহান্নাম আর

এরপর ১০ পৃষ্ঠায়

# মাসিক, ট্যাবু এবং উত্তরণের পথ

জান্নাতুন্নাইম মনিরা



মাসিক কথাটি বলার সাথে সাথেই আমাদের দেশের অধিকাংশ নারীই লজ্জায় মুখ ঢেকে ফেলবে। আর অধিকাংশ ছেলের ক্ষেত্রেও একই ঘটনা ঘটবে। মাসিক আমাদের কাছে একটি নিষিদ্ধ বিষয়। অথচ মানবজাতির জন্মপ্রক্রিয়া থেমে যেত যদি নারীদের মাসিক না হতো। কিন্তু মানবজাতির জন্মের সাথে সম্পৃক্ত এই গুরুত্বপূর্ণ বিষয়টি নিয়ে আমাদের কুসংস্কারের শেষ নেই। পরিবার থেকে শুরু করে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, কর্মক্ষেত্র, গণপরিবহন (এমনকি মুদি দোকান) সবখানেই চলে কানাকানি।

এই কুসংস্কারের মূলে রয়েছে মাসিক সম্পর্কে আমাদের সঠিক জ্ঞান এবং সচেতনতার অভাব। কিন্তু এর জন্য আমরা ছেলেমেয়েদের দায়ী করতে পারি না। আমাদের সমাজব্যবস্থা বিষয়টিকে এমনভাবে নিষিদ্ধ করে রেখেছে যে কেউই এ বিষয়ে খোলাখুলি কথা বলতে পারে না।

আজও বাবা, মা ও প্রাপ্তবয়স্ক সন্তান একসাথে বসে টিভির পর্দায় ন্যাপকিনের বিজ্ঞাপন দেখতে পারেন না। এমনকি স্কুল-কলেজের শারীরিক শিক্ষা বইয়ের বয়ঃসন্ধিকালীন পরিবর্তনের অনুশীলনীগুলো সুকৌশলে এড়িয়ে যান শিক্ষকরা। অথচ একটু খোলামেলাভাবে বললেই মেয়েরা যেমন তাদের শরীর সম্পর্কে সচেতন হতে পারত, তেমনি ছেলেরাও জানতে পারত এই সময়টাতে মেয়েদের ঠিক কী হয়।

মাসিক কী? একজন মেয়ে হিসেবে আপনার রিপ্রোডাক্টিভ অরগ্যান, শারীরবৃত্তীয় প্রক্রিয়া এবং মাসিক সম্পর্কে স্বচ্ছ ধারণা আছে কি? আর ছেলেদের কাছে প্রশ্ন আপনার স্ত্রী, বোন কিংবা মেয়ের মাসিক সম্পর্কে আপনি কতটুকু জানেন? খুব স্বাভাবিকভাবেই ছেলে ও মেয়ের উত্তর প্রায় একই রকম হবে। তাদের উত্তরে বাচ্চা হওয়ার জন্য মাসিক হয় বলাটাই সবচেয়ে বেশি প্রচলিত। বাচ্চা হওয়ার জন্য মাসিক কেন হতে হয়? এ বিষয়ে সঠিক জ্ঞান না থাকার কারণে ছেলেদের ভেতর একধরনের কৌতূহল কাজ করে। আর মেয়েদের এ সম্পর্কে সঠিক ধারণা ও জ্ঞানের অভাবের কারণে এটি ট্যাবু হয়ে যায়। এই ট্যাবু আমাদের ভাঙতেই হবে, নতুবা আমরা আমাদের প্রজন্মকে সঠিকভাবে সামনে নিতে পারব না।

মাসিক বা রজঃচক্র কোনো অসুখ নয়। পৃথিবীর সকল নারীকেই এই প্রাকৃতিক প্রক্রিয়া বা পদ্ধতির মাধ্যমে যেতে হয়। একজন কিশোরীর জন্য প্রথম সংকেত যা বলে দেয় সে সুস্থ ও স্বাভাবিকভাবে শিশুবয়স থেকে পরিণত বয়সের দিকে যাচ্ছে। খুব সহজ কথায় মুন ক্যালেন্ডার বা চন্দ্রমাস অনুযায়ী হরমনের প্রভাবে পরিণত মেয়েদের জরাছু চক্রাকারে যে পরিবর্তনের মধ্য দিয়ে যায় এবং প্রতিমাসে হরমনের প্রভাবে মেয়েদের যোনিপথ দিয়ে যে রক্ত ও জরায়ু নিঃসৃত তরল বের হয়ে আসে এই অবস্থাই মাসিক বা ঋতুস্রাব বা রজঃচক্র। মাসিক সাধারণত ৯ থেকে ১৩ বছর বয়সে শুরু হয়ে ৪৫ থেকে ৪৯ বছর বয়স পর্যন্ত হয়ে থাকে। মাসিকের কারণ হিসেবে দেখা যায় যে সাধারণত ১০ থেকে ১২ বছর বয়সে মেয়েদের শরীরে একটা পরিবর্তন আসে। এ সময় মেয়েদের শরীরে ডিম্বাণু উৎপন্ন শুরু হয়। প্রতিমাসে ডিম্বাশয় থেকে একটি পরিপক্ক ডিম্বাণু বের হয়ে ডিম্ববাহী নালীতে আসে এবং একইসাথে জরাছুতে রক্তে ভরা নরম পর্দা তৈরি হয়। যদি এই সময় যৌনমিলন হয় তাহলে পুরুষের শুক্রাণুর সাথে ডিম্বাণু মিলিত হয়ে ভ্রুণ তৈরি হয়। এই ভ্রুণ রক্তে ভরা নরম পর্দায় গিয়ে বসে এবং ধীরে ধীরে বড় হয়ে শিশুতে পরিণত হয়। যদি শুক্রাণুর সাথে ডিম্বাণুর মিলন না ঘটে তাহলে এই পর্দার আর প্রয়োজন হয় না। তখন এই রক্তে ভরা নরম পর্দা ডিম্বাণুসহ মাসিক হিসেবে যোনিপথ দিয়ে বের হয়ে আসে।

মাসিক বা ঋতুস্রাবকে তিনটি ফেজ বা দশায় ভাগ করা হয়। যেমন:

**১. মেন্সস্টুয়াল ফেজ**

এটি সাধারণত চার থেকে সাতদিন স্থায়ী হয়। এ সময় যোনিপথ দিয়ে রক্ত বের হয়। চার থেকে সাতদিন স্থায়ী হওয়া এই রক্তপাতে ভেঙে যাওয়া রক্তকণিকা ছাড়াও এর সাথে শ্বেত রক্তকণিকা, জরায়ুমুখের মিউকাস, ব্যাকটেরিয়া, প্লাজমিন ও অনিষিক্ত ডিম্বাণু থাকে। ইস্ট্রোজেন ও প্রজেস্টেরন হরমোনের যৌথ ক্রিয়ায় এই পর্বটি ঘটে।

**২. প্রলিফারেটিভ ফেজ**

এরপর ১০ পৃষ্ঠায়






### মেষ


কর্ম নিয়ে চিন্তা বাড়তে পারে। যারা ব্যবসা করেন তাদের জন্য ভাল খবর। শরীর নিয়ে চিন্ত বাড়তে পারে। গুরুজনের সাথে অশান্তি বাড়বে। বাড়িতে কোনও পশু পাখি নিয়ে শোকের ছায়া নামতে পারে। সহকারী কর্মী দ্বারা কোনও ভাল কাজ হতে পারে। মান সম্মান ও যশ-কীর্তি বৃদ্ধি পাবে। চাকুরির স্থানে ভাল কাজের জন্য সুনাম বাড়তে পারে। বাড়িতে একটু বুদ্ধি করে অশান্তি এড়িয়ে চলুন। কোনও অতিথির সাথে তর্ক বাঁধতে পারে। ব্যবসার দিকে সুনাম বৃদ্ধি।



### বৃষ

আয় ব্যয়ের সমতা ঠিক নাও থ াকতে পারে। বাড়ির খরচ সর্বদা হাতের বাহিরে থাকবে।

নিজের পাওনা আদায়ে জন্য একটু শক্তি খরচ করতে হবে। বাড়িতে স্বজন আসার জন্য কর্মে ব্যঘাত ঘটতে পারে। পড়াশুনাতে খুব ভাল ফল পাবেন। বাহিরের ঝগড়া ঘরে আসতে পারে। স্ত্রীর শরীরের ব্যপারে চিন্তা করুন চাকুরীর স্থানে বিবাদ থেকে সাবধান। বিবাহ ব্যাপারে চাপ আসতে পারে।



### মিথুন

আপনার মান-সম্মান বৃদ্ধি পাবে। সেই সাথে আপনার সামাজিক প্রতিষ্ঠা বাড়বে। বাড়িতে কোনও বড় আনন্দের খবর আসতে পারে। দূরের কোনও বন্ধুর জন্য চিন্তা বাড়তে পারে। আপনার কোনো নিকট ব্যক্তিই আপনার সঙ্গে প্রতারণা করবে। ব্যবসার দিকে ভাল যোগাযোগ আসতে পারে।



### কর্কট

ব্যবসায়িক পরিস্থিতি আপনার অনুকূলে। নিজের লাইফ স্টাইলে কিছুটা পরিবর্তন আসতে পারে। যেমন আয় বাড়বে ঠিক ব্যয় ও ঠিক তার সাথে থাকবে প্রচুর। বিলাসিতাতে খরচ বাড়বে। পারিবারিক অশান্তি কারণে প্রতিবেশীরা সুযোগ নেবে। পছন্দমতো কোনও বন্ধুর সঙ্গ পাওয়াতে মনের আনন্দ। বিবাহ জীবনে কোন অচেনা অশান্তি আসতে পারে। ব্যবসার জন্য বাড়তি বিনিয়গ করতে পারেন। সমাজে সুনাম বাড়বে।



### সিংহ

শরীর নিয়ে চিন্তা বাড়বে। রক্ত চাপ বাড়তে পারে। কথাবার্তা খুব বুঝে বলবার চেষ্টা করুন। শত্রু ও বিরোধীরা আপনার নিন্দায় পঞ্চমুখ হয়ে উঠবে।


কাজের চাপ বাড়তে পারে। ছোট বাচ্চাদের চঞ্চলতা আগের থেকে আরও বেরে যাবে। সব দরকারি কাজ গুলো শেষ করুন। স্ত্রীর সাথে ভুল বোঝাবুঝি। সন্তান নিয়ে কোনও চিন্তা বাড়তে পারে।



### কন্যা


আপনার সামাজিক প্রতিষ্ঠা বাড়বে। আপনি ব্যবসায়িক বা সামাজিক বৈঠকে অংশ নেবেন। সন্তানের ভুল চিকিৎসার জন্য নাজেহাল হতে হবে এবং চিন্তা বৃদ্ধি পাবে। বাড়ির অশান্তির দিকে বেশি নজর দেবেন না।

স্ত্রীর সাথে আলোচনা করে তবে কোনও সিদ্ধান্ত গ্রহন করুন। অপরের দ্বারা কোনও উপকার পেতে পারেন। প্রেমের ব্যপারে কোনও ঝামেলা বাড়তে দেবেন না। মধ্য ভাগে কোনও বিশেষ কাজে বাহিরে যেতে হতে পারে। বাড়িতে অনেক অতিথি আসতে পারে। খরচের ব্যপারে চিন্তা বৃদ্ধি।



### তুলা

কোনও ভাল কাজের জন্য পুরস্কার পেতে পারেন। কর্ম স্থানে সাহসের সঙ্গে কোনও পদক্ষেপ গ্রহণ করুন ভাল লাগবে। কোনও বন্ধুর জন্য গর্ভ বোধ হবে। দূরে ভ্রমনের আলোচনা এখন একটু স্থির রাখুন। কর্ম স্থানে সুনাম বাড়তে পারে। নতুন প্রেমের বার্তা আসতে পারে।



### বৃশ্চিক

মাতা-পিতার প্রতি আপনার হৃদয়ে এক বিশেষ স্থানের সৃষ্টি হবে।

আপনার প্রতিষ্ঠা এবং বিশ্বসনীয়তা বৃদ্ধি পাবে। সম্পত্তি নিয়ে কোনও বিবাদ বাঁধতে পারে গুরু জনের সাথে। মাথা ঠান্ডা রেখে কাজ করতে হবে নাহলে বিপদ বাড়তে পারে। কোনও নতুন খবর মনে আনন্দ বাড়াতে পারে।

কোনও ভাল আশা পুরণ হতে পারে। সংসারে অশান্তি বাড়বে। যারা গান নিয়ে যারা চর্চা করেন তাদের ভাল সুযোগ আসছে।



### ধনু

শরীর খারাপ না থাকলেও মনের দিক দিয়ে ক্লান্ত অনুভব করবেন। আয় বাড়বে ব্যয় ও ঠিক তার সাথে থাকবে প্রচুর। বিলাসিতাতে খরচ বাড়বে বেশি।

পারিবারিক অশান্তি বাহিরে বেশি বলবেন না লোক সুযোগ নেবে। বিবাহ জীবনে কোনও অচেনা অশান্তি আসতে পারে। ব্যবসার জন্য বাড়তি বিনিয়োগ করতে পারেন। সমাজে সুনাম বাড়বে। প্রেমের ব্যপারে গুরুজনের সাথে বিবাদ।



### মকর

আপনার মাতা-পিতার জন্য হৃদয়ে এক বিশেষ স্থান সৃষ্টি হবে। কোনও লেন দেনের ব্যপারে মনের ভিতর আস্থিরতা কাজ করবে।

সন্তানের ব্যপারে খরচ বাড়তে পারে। ব্যবসা দিকে একটু মনোযোগ দিন। শেয়ার ব্যবসায় টাকা বুঝে লাগাবেন। স্ত্রীর সাথে বিবাদ মিটে যেতে পারে কিন্তু অজানা চাপ একটা মনের ভিতর থাকবে। পিতা-মাতার সাথে খুব আনন্দে যাবে দূরের যাত্রা শুভ।



### কুম্ভ

আপনি নিজের বৃদ্ধিবল এবং চতুরতা দ্বারা এক একটা ব্যবসায়িক সমস্যার সমাধান করে নিয়ে পর্যাপ্ত মাত্রায় টাকা-পয়সা আয় করবেন।

বকেয়া কাজ গুলো করুন। সমাজের কোনও ভাল কাজ করার জন্য সম্মান বাড়তে পারে। ব্যবসার জন্য নতুন করে অর্থ বিনিয়গ করবেন না। কোনও ফটকা স্থান থেকে আয় বাড়তে পরে। সংসারের কোনও কাজে গাফিলটির জন্য স্ত্রীর সাথে বিবাদ। দূরে কোনও বন্ধুর বাড়িতে যাবার আলোচনা।



### মীন

কোনও শত্রুর সাথে অশান্তি নিয়ে শুরু হতে পারে। বাড়িতে কোনও বন্ধুর জন্য নিজেদের ভিতর অশান্তি আসতে পারে। সকল দরকারি কাজ গুলো করুন।

সম্পতি নিয়ে পিতা মাতার সাথে অশান্তি প্রতিবেশীর সুযোগ নিয়ে দাঁড়াবে। কোনও উচ্চপদস্থ ব্যক্তির জন্য কর্ম স্থানে ঝামেলা মুক্ত। আপনি নিজেকে চিনতে পারবেন এবং নতুন করে ব্যবসায়ীক বৈঠকে অংশ নিবেন।

## নামাজের সময় সূচি Prayer Times For New York City জুন ২০২০

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ৫ | ৩:৪৭ | ৫:২৪ | ১২:৫৯ | ৬:০৬ | ৮:২৩ | ১০:০১ |
| ৬ | ৩:৪৬ | ৫:২৪ | ১২:৫৯ | ৬:০৭ | ৮:২৩ | ১০:০২ |
| ৭ | ৩:৪৬ | ৫:২৩ | ১২:৫৯ | ৬:০৭ | ৮:২৪ | ১০:০২ |
| ৮ | ৩:৪৫ | ৫:২৩ | ১২:৫৯ | ৬:০৭ | ৮:২৫ | ১০:০৩ |
| ৯ | ৩:৪৫ | ৫:২৩ | ১২:৫৯ | ৬:০৮ | ৮:২৫ | ১০:০৪ |
| ১০ | ৩:৪৪ | ৫:২৩ | ১:০০ | ৬:০৮ | ৮:২৬ | ১০:০৫ |
| ১১ | ৩:৪৪ | ৫:২৩ | ১:০০ | ৬:০৯ | ৮:২৬ | ১০:০৫ |

source: salahtimes.com

## সামাজিক যোগাযোগে গ্রুপের

৯ পৃষ্ঠার পর

পুরুষের জন্য জান্নাত সামাজিক যোগাযোগে এই তথ্য আসলো কোথা থেকে?

এই বিশ্বে নারী জাতি অনেক দেশেই অনেক ভাবেই নিগৃহীত, নির্যাতিত ও লাঞ্চিত হচ্ছে, ঠিক তেমনিই সামাজিক যোগাযোগ ফেইসবুকেও মেয়েরা তদ্রুপ নিগৃহীত ও লাঞ্চিত হচ্ছে, মেয়েদের ছবি দিয়ে অনেক ফেক আইডি বানানোর একটি চক্র কাজ করে, আবার একটি মহিলার সিঙ্গেল ছবি পোস্ট করলেই শতশত লাইক ও কমেন্ট পরে যায় এবং কমেন্টগুলি পড়লেই দেখা যায় শতশত বিয়ের প্রস্তাব বা 'এই মেয়ে তুই জাহান্নামে যাবি' এবং জঘন্য বিকৃতমনা উক্তি করে, কিছু লোক পর্ণ ভিডিও পোস্ট করে দেয় এসব দেখে লজ্জায় মাথা হেট হয়ে যায়। একটি সুন্দর বৈশ্বিক সামাজিক যোগাযোগের মাধ্যমে কিভাবে এত নিকৃষ্ট অসামাজিক কর্মকান্ড করে যায় তা নি:সন্দেহে খুবই নিন্দনীয়। আমরা বিশ্ব জলবায়ু ও বিশ্ব পরিবেশ রক্ষায় অনেক সোচ্চার এবং পরিবেশ সুরক্ষার ব্রত নিয়েছি তদ্রুপ সামাজিক যোগাযোগের ক্ষেত্রকেও সুন্দর সামাজিক ভাবেই রক্ষা করার দায়িত্ব পালন করতে হবে। সামাজিক যোগাযোগের ক্ষেত্রগুলিই দেশ, কাল, জাত, ধর্ম, বর্ণ, সবাইকে বিলীন করে বিশ্বমানব সামাজিক যোগাযোগের এক প্লাটফরমে নিয়ে এসেছে সংশ্লিষ্ট সবাইকে এবং সমাজ বিজ্ঞানীদের ভাবতে হবে আরও সুন্দর পরিচ্ছন্ন সার্বজনীন গড়ে তোলার প্রত্যয়ে কাজ করতে হবে এবং দুষ্ট চক্রকে অসামাজিক কার্যকলাপ থেকে রোধ করতে হবে। বন্ধুত্বের হাত ছানিতে সাড়া দিয়েও আমরা অনেকে প্রতারিত হই আবার অনেকে জীবনসঙ্গীও খুঁজে পেয়েছে, অনেক সময় খবরে দেখি অস্ট্রেলিয়া বা জার্মান থেকে বন্ধুত্ব করে বাংলাদেশে গিয়ে বিয়ে করেছে, আবার ফেইসবুকের কল্যাণে বিশ/তিরিশ বছর পর বৃদ্ধ মা-বাবা ছেলে-মেয়ে এবং বন্ধু-বান্ধবের খোঁজ পেয়েছে এবং ফেইসবুকের মাধ্যমে আমরা কারো নিদারুণ কষ্টের বর্ণনা দেখে সাহায্য ও সহোযোগিতা করতে পারছি। এই বিশ্বব্যাপী সামাজিক যোগাযোগ মাধ্যমের অফুরন্ত সুফল অনেকেই পাচ্ছি আবার অনেকেই বিভিন্নভাবে প্রতারিত হচ্ছি, ফেক আইডি খুলে অর্থ সাহায্য চাওয়া ফেইসবুকের শুরু থেকে একটি কুচক্রী মহল মানুষকে ধাপ্পা দিয়ে কাজ করে যাচ্ছে। সমাজে কল্যাণ ও অকল্যাণ দুটোই বিদ্যমান কিন্তু কোন বিবেক সম্পন্ন মানুষ অকল্যাণের ধারে কাছেও যাবে না এবং সত্য উদ্ঘাটিত করার চেষ্টা করবে।

সামাজিক যোগাযোগ ও অনলাইন ব্যবহারের অনেক জরিপ কার্যক্রম অনেক দেশে হয়েছে, গুগলের সাম্প্রতিক জরিপ অনুযায়ী সার্কভূক্ত দু'টি দেশের মানুষ ষাট শতাংশ সময় ব্যয় করে অনলাইনে পর্ণ সাইট দেখে বাংলাদেশ এর চেয়ে অনেকাংশে ভালো আছে পয়তাল্লিশ হাজার পর্ণ সাইট ইতিমধ্যে সরকার বন্ধ করে দিয়েছে যদিও অনলাইন ব্যবহার ও সামাজিক যোগাযোগের চিত্র ভিন্ন। সামাজিক যোগাযোগ ও বিভিন্ন অ্যাপসে অনেক ধরণের সেটিং ব্যবস্থা এবং প্রাইভেসী কন্ট্রোল থাকায় অনেক স্বাচ্ছন্দ্য নিরাপদ গন্ডীর ভিতরে থেকে চলতে পারছে কিন্তু অনলাইন সার্ভিসে সেটা অনেকাংশে সম্ভব নয়। যুব সমাজকে বাঁচাতে হলে বিশ্ব মানবকে সব কিছুতেই নজরদারী বাড়াতে হবে এবং আঠারোর নিচের কাউকে বয়স্কদের সাইটগুলি না খোলার কঠোর নিয়ম রক্ষা করতে হবে ।

এই বিশ্বে সামাজিক যোগাযোগ অনেক ধরণের স্মর্তব্য সামাজিক যোগাযোগের অর্থ হল সমাজে বসবাসরত সকল বর্ণের,সকল জাতের, সকল দেশের সমাজবদ্ধ মানুষের সামাজিক সুন্দর পরিচ্ছন্ন কল্যাণকর কাজ গুলি সম্প্রীতি ও বন্ধুত্বের মাধ্যমে আদান প্রদানের এক সুন্দর পবিত্র বন্ধন। সমাজে অনাকাঙ্খিত অকল্যাণকর ও দুষ্ট চক্রের অসামাজিক কাজ পরিহার ও রোধ করা সকল বিশ্ব সামাজিক বন্ধুদের দায়িত্ব ও কর্তব্য। প্রতিটা গ্রুপের মডারেটর ও অ্যাডমিনকে তার পবিত্র সামাজিক দায়িত্ব সঠিকভাবে পালন করতে হবে কবিতার গ্রুপে যাতে ওয়াজের ভিডিও আর ওয়াজের গ্রুপে নৃত্য না চলে যায় এবং কোন ধর্মীয় গ্রুপে যাতে পর্ণ সাইট না যায়, রান্নার সাইটে যাতে নাসার ভিডিও না চলে যায়। অনেক জনপ্রিয় ও স্বনামধন্য সংস্থা বা প্রতিষ্ঠানের নাম দিয়ে অবৈধ গ্রুপ না খুলতে পারে এবং শাড়ির গ্রুপের নাম দিয়ে যাতে জঙ্গীগোষ্ঠী প্রচারণা না করতে পারে সেই ব্যাপারেও সংশ্লিষ্ট সবাইকে কঠোর ভাবে নিয়ম নীতি পালন করতে হবে, যাচাই বাছাই না করেও কোন গ্রুপে যুক্ত হওয়া উচিত নয় এবং গ্রুপের অসংশ্লিষ্ট কোন বিষয় নজরে পরলেই রিপোর্ট করার দায়িত্বও সামাজিক যোগাযোগকারীকেই নিতে হবে। সামাজিক যোগাযোগে সুফলতার পাশাপাশি অনেক বিড়ম্বনাও বিদ্যমান অনেকের ফেইসবুক আইডি হ্যাক হয়ে যায় এমন কি ই-মেইলও হ্যাক হয়ে যায় অযাচিত অনেক ট্যাগ চলে আসে, অনেক সময় ছবিবিহীন, প্রোফাইললক অনেক ফ্রেন্ড রিকোয়েস্ট পাই এরকম অনেক যন্ত্রণা অহরহই আছে, আবার অনেক গায়েবী খবরই পাই আজকে আমি এই কাজটা করলেই বা এই ম্যাসেজটা এতো জনকে ম্যাসেঞ্জারে পাঠালে আমার জন্য জান্নাতের বুকিং নিশ্চিত বা কাল সকালে ঘুম থেকে উঠেই নাসার মাধ্যমে মঙ্গলগ্রহে যাত্রা শুরু করতে পারবো যত্তোসব আজগুবি কান্ডকারখানা। দু:খের বিষয় হল, এই বিশ্বে পীর মোল্লা পাদ্রী, জ্যোতিষ, গণক কেউই কোন বৈশ্বিক করোনা মহামারীর আভাস দিতে পারে নাই, আবার কিছু ভন্ড বলে অমুক তারিখের পর বিশ্ব করোনামুক্ত হয়ে যাবে বলে ধরাও খেয়েছে, আর ফেইসবুকের শুরু থেকেই দেখে আসছি বছরে দুই তিনবার কেয়ামত হয়ে যাবে অথবা দু/চারটা গ্রহ উপগ্রহ আমাদের ঘাড়ের উপর পরবে কত যে বিভ্রান্তিমূলক প্রচার হায়রে সামাজিক যোগাযোগ মনটা চায়...।

ফেইসবুক সহ অন্যান্য সামাজিক অ্যাপসে আমরা বন্ধুত্ব করি কিন্তু আমরা অনেক সময় সঠিক সত্যতা যাচাই করতে পারি না কিন্তু আস্থা, বিশ্বাস, সহমর্মিতা, পরার্থপরতা, সমবেদনা ও সততাই হল বন্ধুত্বের চাবিকাঠি, সামাজিক যোগাযোগে আমরা মেয়েরাই সব চেয়ে বেশী প্রতারিত হই। আমরা এবং আমাদের ভবিষৎ প্রজন্ম ও মেয়েদেরকে নিরাপদ ও সুরক্ষিত রাখতে সামাজিক যোগাযোগের আরো ভালো সুন্দর ও নিরাপত্তামূলক টেকসই পরিকল্পনা নিয়ে সামাজিক যোগাযোগের দ্রুত উন্নয়ন করতে হবে।

**লেখক: কলামিস্ট, নিউইয়র্ক।**

## মাসিক, ট্যাবু এবং উত্তরণের

৯ পৃষ্ঠার পর

সাধারণত আট থেকে ১০ দিন স্থায়ী হয়। এই সময়ে জরায়ু নিষিক্ত ডিম্বাণু গ্রহণ করার জন্য প্রস্তুতি নেয়। আট থেকে ১০ দিন স্থায়ী এ পর্বটি শুধু ইস্ট্রোজেন হরমনের প্রভাবে হয়ে থাকে।

**৩. সেক্রেটরি ফেজ**

ফেজটির স্থায়িত্ব তুলনামূলক সবচেয়ে দীর্ঘ হয়ে থাকে। এটিকে প্রজেস্টেরন বা লুটিয়াল ফেজও বলা হয়। ইস্ট্রোজন ও প্রজেস্টেরন উভয় হরমোনের যৌথ কারণে এটি ঘটে। এই সময়ে নিষিক্ত ডিম্বাণুর বৃদ্ধির জন্য সবচেয়ে বেশি প্রস্তুতি নিয়ে থাকে ডিম্বাশয়ের কোনো ডিম্বাণু জরাছু শুক্রাণু দ্বারা নিষিক্ত না হলে জরায়ু আবার মেন্সস্টুয়াল ফেজ এ চলে যায়। আর এভাবেই পূর্ণ বয়স্ক মেয়েদের ঋতুচক্র চলতে থাকে।

মাসিকের সময় মেয়েদের শরীর থেকে যোনিপথ দিয়ে রক্তপাত হয়। প্রতিবার মাসিকের সময় ১০-৮০ মিলি রক্ত শরীর থেকে বের হয়ে যায়। নিউইয়র্ক ইউনিভার্সিটি স্কুল অব মেডিসিনের মতে, প্রতিমাসে এক কাপ পরিমাণ রক্ত বের হয়। রক্তপাতের পরিমাণ কারও কারও ক্ষেত্রে কম বা বেশি হতে পারে। তবে ১০ মিলির কম কিংবা ৮০ মিলির বেশি রক্তপাত হলে তাকে স্বাভাবিক ধরা যায় না। এক্ষেত্রে অবশ্যই ডাক্তারের পরামর্শ নিতে হবে।

এই সময়ে অবশ্যই যথাযথ উপায়ে স্যানিটারি ন্যাপকিন বা প্যাড ব্যবহার করতে হবে। বর্তমান বাজারে বিভিন্ন ব্র্যান্ডের এবং বিভিন্ন মানের স্যানিটারি ন্যাপকিন পাওয়া যায়। তবে সেগুলো যে মানেরই বা ব্র্যান্ডের হোক না কেন তা কোনোভাবেই চার ঘণ্টার বেশি ব্যবহার করা যাবে না। অনেক মেয়েই এটিকে টাকা অপচয় মনে করে এবং যত অল্প পরিমাণ ন্যাপকিনে কাজ চালানো যায় সেই চেষ্টাই করে। কিন্তু এটি খুব বড় বিপদের কারণ হতে পারে। আপনার সাজসজ্জা করার জন্য যদি ২০০ টাকা বরাদ্দ করা থাকে তাহলে তা না করে স্যানিটারি ন্যাপকিন কেনার জন্য ব্যয় করুন।

মাসিকের প্রথম দুইদিন যেহেতু বেশি ব্লিডিং হয় সেহেতু এই সময়ে বেশি বেশি সতর্ক থাকতে হবে। ন্যাপকিন যদি ভিজে যায় তাহলে কোনোভাবেই এটি আর ব্যবহার করা উচিত হবে না। মাসিকের চতুর্থ বা পঞ্চম দিনে রক্তপাতের পরিমাণ অনেক কমে যায়। অনেকে এই সময়টাতে একটি ন্যাপকিন দিয়ে সারাদিন কাটিয়ে দেয়। এটা করা কোনোভাবেই উচিত নয়। কারণ এটি মারাত্মক স্বাস্থ্যঝুঁকির কারণ কেননা প্যাডে ন্যাপকিনের জমে থাকা রক্ত দ্রুত শুকিয়ে গিয়ে জীবাণুতে পরিণত হয় এবং সেই জীবাণু যোনিপথের সংস্পর্শে এসে চুলকানি, ফোঁড়া, যৌনাঙ্গের নানা রকম অসুখ যেমন ফাঙ্গাস, ইনফেকশন ইত্যাদি সৃষ্টি করে।

আবার অনেকে লোভনীয় বিজ্ঞাপনে প্রভাবিত হয়ে ২৪ ঘণ্টার বেশি ব্যবহার করা যায়- এমন স্যানিটারি ন্যাপকিন ব্যবহার করে থাকে। কিন্তু এই ধরনের প্যাডে সেলুলোজ জেল নামে এক ধরনের উপাদান ব্যবহার করা হয় যেটি জরায়ুমুখের ক্যান্সারের জন্য দায়ী। যদিও ইদানীং স্যানিটারি ন্যাপকিন ছাড়াও মেন্সস্টুয়াল ক্যাপ এবং ট্যাম্পুনের ব্যবহার বেশ জনপ্রিয় হচ্ছে। আরামদায়ক মনে করলে নিয়ম মেনে সেগুলোও ব্যবহার করা যেতে পারে।

মাসিক চলাকালীন পরিষ্কার-পরিচ্ছন্নতা খুবই জরুরি। প্রতিবার ন্যাপকিন পরিবর্তনের সময় যৌনাঙ্গ খুব ভালোভাবে পরিষ্কার করতে হবে। এ সময় পেটব্যথা খুবই কমন একটি বিষয়। প্রায় সব মেয়ের ক্ষেত্রেই এমন হয়ে থাকে। প্রতিরোধক হিসেবে হট ওয়াটার ব্যাগে গরম পানির ভাপ দেয়া যেতে পারে। তবে পেটব্যথা যদি তীব্র হয়ে থাকে তাহলে ডাক্তারের পরামর্শ নিতে হবে। এ সময় যেহেতু শরীর থেকে বেশ পরিমাণ রক্ত বের হয়ে যায় সে জন্য শরীরে আয়রনের ঘাটতি দেখা দিতে পারে। আয়রনের ঘাটতি পূরণের জন্য এ সময় বেশি পরিমাণ আয়রন জাতীয় খাবার খেতে হবে।

মাসিকের সময় মুড সুইং খুবই সাধারণ একটা ব্যাপার। এই সময় মেজাজ খিটখিটে হতে পারে। অনেক সময় এটি পরিবারে অশান্তি সৃষ্টি করতে পারে। প্রতিকার হিসেবে বিশ্রাম, হালকা ব্যায়াম ও মেডিটেশন করা যেতে পারে। পরিবারের উচিত এই সময়টাতে তাকে মানসিকভাবে সাপোর্ট দেয়া এবং নমনীয় হওয়া।

আমার ব্যক্তিগত অভিজ্ঞতার আলোকে কিছু ঘটনা তুলে ধরছি। এই ঘটনাগুলোর মাধ্যমেই মাসিককে আমরা যে ট্যাবু বানিয়েছি এবং তার পরিণামে আমরা যে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছি তা পরিষ্কার হয়ে যাবে।

**ঘটনা ১:**

রেহানা একটি বিশ্ববিদ্যালয়ের সম্মান প্রথম বর্ষের ছাত্রী। স্যানিটারি ন্যাপকিন কেনার জন্য তার ক্যাম্পাসের মূল ফটকের সামনের মুদি দোকানে দাঁড়িয়ে আছে। দোকানের সামনে তার পরিচিত কয়েকটি ছেলেও দাঁড়িয়ে আড্ডা দিচ্ছিল। তাই সে বেশ ইতস্ততবোধ করছে। অনেকক্ষণ দাঁড়িয়ে থাকার পর সে কোনোরকম ইশারা ইঙ্গিতে দোকানদারকে বোঝাতে সক্ষম হয় যে তার স্যানিটারি ন্যাপকিন লাগবে। দোকানদার ইশারা বুঝে কালো পলিথিনে মুড়ে স্যানিটারি ন্যাপকিন তার হাতে দেয়।

দোকানদার ইশারা বোঝার সাথে সাথে সেখানে দাঁড়িয়ে থাকা ছেলেরাও এটি বুঝে ফেলে এবং তারা এটা নিয়ে মজা করতে থাকে। একজন পাশের জনকে জোরে প্রশ্ন করে, 'বলতো মামা স্যানিটারি ন্যাপকিন আর নেতাজি সুভাষচন্দ্র বসুর মধ্যে মিল কোথায়?' পাশের জন শ্লেষের সাথে বলে, 'কোথায়?' তখন প্রশ্নকারী উত্তর দেয়, 'গিভ মি ব্লাড, আই উইল গিভ ইউ ফ্রিডম।'

বলার সাথে সাথেই অট্টহাসিতে ফেটে পড়ে তারা। রেহানা লজ্জায় কী করবে ভেবে পাচ্ছিল না। তার মনে হতে থাকল সেই মুহূর্তে যেন সে মাটির সাথে মিশে যায়। কালো পলিথিন মোড়ানো ব্যাগ নিয়ে সে দ্রুত সেখান থেকে বেড়িয়ে যায়। এটি আমাদের দেশের অনেক অনেক কমন ঘটনা।

**ঘটনা ২:**

নিরা ক্লাস সেভেনে পড়ে। ছুটির দিনে বাবা-মায়ের সাথে বসে টিভিতে নাটক দেখছে। নাটকের একপর্যায়ে স্যানিটারি ন্যাপকিনের বিজ্ঞাপন শুরু হলো। সাথে সাথেই তার বাবা টিভির চ্যানেলটি পরিবর্তন করে দিলেন। নিরা ছোটবয়স থেকেই বুঝতে শুরু করল এটি গোপন ব্যাপার, সবার সামনে বসে এটা দেখা যায় না কিংবা এসব নিয়ে আলোচনাও করা যায় না।

**ঘটনা ৩:**

এটি খুবই অদ্ভূত একটি ঘটনা। এটি সাধারণত নেপালি প্রেক্ষাপটে ঘটে থাকে। তাদের একটি নির্দিষ্ট জনগোষ্ঠী বিশ্বাস করে যে মাসিকের সময় একজন মানুষ অপবিত্র হয়ে যায়। আর সে জন্য তাকে কিছুদিনের জন্য আলাদা কুঁড়েঘরে একা রেখে আসা হয়। এমনকি তার খাবার, জামাকাপড় সবকিছুই সেখানে আলাদা করে রাখা হয়। ভাবতে অবাক লাগলেও এটিই সত্য ঘটনা।

**ঘটনা ৪:**

জেবা অষ্টম শ্রেণিতে পড়ে। আজ তার বার্ষিক পরীক্ষা শুরু হবে। কিন্তু সকালেই তার মাসিক হয় এবং পেটব্যথা শুরু হয়। পরীক্ষা দিতে যাবে কি যাবে না এই নিয়ে ওর মনে দোটানা সৃষ্টি হয়। কাউকে সেভাবে বলতেও পারে না। কী করা উচিত তার? অবশেষে সে পরীক্ষায় উপস্থিত হয় না। পরীক্ষায় অংশগ্রহণ না করায় সে ড্রপআউট হয়ে যায়। আর এর কারণেই প্রতিবছর হাজার হাজার ছাত্রী ড্রপআউট হয়ে যায়।

এই ট্যাবু আমাদের ভাঙতেই হবে। সচেতন করতে হবে সবাইকে। সবাই মিলে যদি আমরা এগিয়ে আসি তবেই এটি সম্ভব। তবে কিছু পদক্ষেপ নেয়া খুবই জরুরি হয়ে দাঁড়িয়েছে। যেমন–

> মাসিক সংক্রান্ত ট্যাবু ভাঙতে পরিবারকে সবচেয়ে বেশি ও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। একটি ছেলে বা মেয়ের প্রাথমিক শিক্ষাকেন্দ্র পরিবার। বাবা-মা যদি তাদের ছেলেমেয়েদের সাথে এই বিষয়টা নিয়ে খোলাখুলি আলোচনা করে এবং সঠিক তথ্য জানায় তাহলে ট্যাবু দূর হয়ে যাবে।

> পরিবারের বাইরে অন্যতম ভূমিকা বিদ্যালয়কে গ্রহণ করতে হবে। বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা বয়ঃসন্ধিকালীন পরিবর্তনগুলো খুব সুন্দরভাবে ছাত্র-ছাত্রীদের সাথে খোলামেলা আলোচনা করতে পারেন। এতে ছেলে ও মেয়ে উভয়ের লজ্জা, সংকোচ দূর হবে। সাথে সাথে এই বিষয় নিয়ে বিদ্যালয়ে কাউন্সেলিং টিমও গঠন করতে পারে।

> বিদ্যালয়ের পাঠ্যসূচিতে বয়ঃসন্ধিকালীন পরিবর্তন নিয়ে আলোচনা থাকলেও প্রয়োজনের তুলনায় অনেক কম। এই বিষয়ে আরও ব্যাপক অর্থে আলোচনা থাকতে পারে।

> আমাদের মানসিকতার পরিবর্তন আনতে হবে। এটি অন্যতম গুরুত্বপূর্ণ বিষয়। এ জন্য ফ্রেশারদের এগিয়ে আসতে হবে। সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে এটা নিয়ে কথা বলতে হবে।

> সচেতনতামূলক সিনেমা বা প্রামাণ্যচিত্র তৈরি করা যেতে পারে। কিছুদিন আগে একটা ম্যাগাজিনে বলিউডের জনপ্রিয় অভিনেতা অক্ষয় কুমার তার প্যাডম্যান সিনেমার আলোকে একটি সুন্দর আর্টিকেল লিখেছেন। আর তার এই প্যাডম্যান সিনেমাটির মূল লক্ষ্যই ছিল মাসিক নিয়ে সচেতনতা বাড়ানো।

**লেখক: ইন্টারন্যাশনাল ইয়ং প্রোফেশনাল।**

## সাবধান থেকেও আমার বাসায় কীভাবে করোনা এলো?

৮ পৃষ্ঠার পর

পাশাপাশি যথাযথ আইসোলেশনের সঙ্গে বিপুল সংখ্যক রোগীর মধ্যে অগ্রাধিকারভিত্তিতে জরুরি চিকিৎসা সেবা প্রয়োজন।

পরীক্ষার ক্ষেত্রে কি আমাদের দক্ষতা বাড়াতে পারি?

পরীক্ষা বাড়ানো প্রয়োজন। এফডিএ অনুমোদিত র‍্যাপিড অ্যান্টিজেন এবং সেরোলজিক্যাল টেস্টিং এখানে সহজলভ্য। আরটি-পিসিআর সেরা বিকল্প। তবে এটি ব্যয়বহুল, সময়সাপেক্ষ এবং প্রশিক্ষিত প্রযুক্তিবিদ প্রয়োজন। এফডিএ অনুমোদিত অ্যান্টিজেন টেস্টিং সস্তা। এটি কয়েক মিনিটের মধ্যে কোভিড শনাক্ত করে একদিনের মধ্যে পরীক্ষার সংখ্যা কয়েক মিলিয়ন করে বাড়াতে পারে। হ্যাঁ, এখনও এটিতে ভুল ফল দেখানোর আশঙ্কা রয়েছে। তবে ডায়াগনস্টিক পরীক্ষা হিসেবে পুনরাবৃত্তির জন্য এটি এখনও সস্তা ও দ্রুত।

সেরোলজিক্যাল পরীক্ষা শিগগিরই বাধ্যতামূলক হয়ে উঠবে। ইতোমধ্যে কোভিড রয়েছে এমন লোকদের শনাক্ত করতে প্রায় শতভাগ সঠিক। প্লাজমাতে আইজিএম (শুরুর অ্যান্টিবডি) এবং আইজিজি (লক্ষ্ণ শুরুর ১০ দিন পরে) অ্যান্টিবডিগুলোর উপস্থিতি নিশ্চিত করে যে, কোন ব্যক্তির ইতোমধ্যে লক্ষ্ণ কোভিড ছিল।

অনেক সময় কোভিড পজিটিভের রক্তে অ্যান্টিবডিগুলোর উচ্চ স্তরের পরিমাণ নাও থাকতে পারে। এসব ব্যক্তির টি-সেল মধ্যস্থতা প্রতিরোধ ক্ষমতা বেশি শক্তিশালী এবং হিউমোরাল ইমিউনিটি যা বি-কোষ/প্লাজমা কোষের অ্যান্টিবডি তৈরির ক্ষমতা রাখে সেটা হয়তো কম থাকে। তবু সেরোলজিক্যাল টেস্টগুলো এমন ব্যক্তিদের শনাক্ত করবে যেগুলো তাদের প্লাজমা থেরাপির জন্য রক্তদান করতে পারে। এটা কেস স্টাডি হিসেবেও দেখা যেতে পারে, তাদের আরএআর-কোভ২ কতক্ষু অনাক্রম্য থেকে যায় এবং পরে তাদের ইমিউনিটি পাসপোর্ট দেওয়া যায় কাজে যোগদানের জন্য। ইউকে ও সিঙ্গাপুর ইতোমধ্যে এটি শুরু করেছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা সম্পর্কে এখনও অনেক জল্পনা চলছে যে, এই পরীক্ষাগুলো তারা এখনও কেন সুপারিশ করছে না। যদি এটা হয়ে থাকে তবে যখন রোগের সংক্রমণ নিয়ন্ত্রণে না থাকে, যখন হট স্পট ঝুঁকি হ্রাস না করা হয়, যখন স্কুল ও কর্মক্ষেত্রগুলো প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করেনি এবং কমিউনিটিগুলো একটি নতুন স্বাভাবিকতায় বসবাসের জন্য পুরোপুরি শিক্ষিত, যুক্ত ও ক্ষমতায়িত হয়নি তখন বিশ্ব স্বাস্থ্য সংস্থা লকডাউন তুলতেও সুপারিশ করে না। আমরা এখনও এই মানদন্ডগুলো পূরণ করতে পারিনি। তবে আমাদের জীবিকা ও অর্থনীতি বাঁচাতে আবার সব সচল হচ্ছে।

আরও ভালো সিদ্ধান্ত নেওয়ার পরিস্থিতি বিবেচনা করে আমাদের পরীক্ষার ক্ষমতা বাড়াতে হবে। গোবাল হেলথ সিকিউরিটি ইনডেক্সে স্পষ্টভাবে বলা হয়েছে, বাংলাদেশের হেলথ প্যারামিটারের কয়েকটি শক্তির মধ্যে একটি হচ্ছে জাতীয় পর্যায়ে শক্তিশালী পরীক্ষাগারের সক্ষমতা। এখন এর সদ্ব্যবহারের সময় এসেছে।

শেষ পর্যন্ত আমাদের পরস্পরের শক্তি ব্যবহার করা প্রয়োজন। সরকারকে বেসরকারি খাতের শক্তির সদ্ব্যবহার করে রিসোর্সগুলোর সংরক্ষু করা দরকার। এনজিওগুলোর সঙ্গে তাদের স্বাস্থ্যকর্মীদের সহায়তা বিতরণ বা সচেতনতামূলক প্রোগ্রামে ব্যবহার করতে এবং আমাদের আইন প্রয়োগকারী কর্মীদের উপশম করতে সহযোগিতা করুন। ফার্মাসিউটিক্যালস এবং আরএমজি খাত ইতোমধ্যে জীবন রক্ষাকারী ওষুধ, পিপিই ও মাস্ক তৈরি করে এগিয়ে এসেছে।

তারা তাদের যথাযথ স্বীকৃতির দাবিদার। বৃহত্তর কল্যাণের জন্য অস্থায়ী হাসপাতাল ও কোয়ারেন্টিন সেন্টারগুলোতে বেসরকারি উদ্যোগ প্রয়োজন। সরকারি-বেসরকারি সমন্বয় সেবার আরও উন্নয়ন ঘটাবে। একইসঙ্গে এটি সক্ষমতাও বৃদ্ধি করবে।

শেষ পর্যন্ত ডাটা ও সংখ্যাগুলো একটি গল্প বলে, একটি তারুণ্যনির্ভর ডেমোগ্রাফি এবং গত দুই মাসের লকডাউন আমাদের সংখ্যাগুলো দেখতে ভালো রেখেছে। আসুন এটিকে এভাবেই রাখার জন্য আমরা একসঙ্গে কাজ করি।

**লেখক: অর্গানিকেয়ার-এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক। এমবিবিএস, এমবিএ এবং হেলথকেয়ার লিডারশিপে মাস্টার্স।**


Wasi Choudhury & Associates LLC

SERVICES

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation: Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting: Payroll, Sales Tax, etc.
- Business Licenses
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

Wasi Choudhury, EA

Admitted to practice before the IRS

সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইন্‌ক

Member : naea NYSSEA e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER



প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইন্‌ক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377 • Tel: 718-205-3460, 718-440-6712 • Fax: 718-205-3475 • Email: wasichoudhury@yahoo.com

# সামার সেল শুরু

আমরা IATA অনুমোদিত

যে কোন ট্রাভেল এজেন্সী অথবা অনলাইন থেকে কম দামের গ্যারান্টি দিব নইলে টিকেট ফ্রি দিব

আমরা ARC AIRLINES REPORTING CORPORATION অনুমোদিত

Emirates
ETIHAD AIRWAYS
KUWAIT AIRWAYS
QATAR AIRWAYS
Biman BANGLADESH AIRLINES

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

## $৫৯৫+

JFK-Dhaka-JFK Return

WE PROVIDE
UMRAH VISA
&
HOTEL BOOKING



## Umrah Services

দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন




WE OPEN
7 DAYS :
11AM - 10PM

## বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।

ঢাকা এয়ারপোর্টে আমাদের রয়েছে নিজস্ব Help Office
যারা ইমিগ্রেশন, লাগেজ পিকআপ সহ সকল সহযোগিতা করবে।

আমরা সকল এয়ারলাইন্সের টিকেট সরাসরি আমাদের অফিস থেকে ইস্যু করে থাকি।

উত্তর আমেরিকার ট্রাভেল ব্যবসায় সবচেয়ে অভিজ্ঞ ট্রাভেল টিম শুধুমাত্র ডিজিটাল ওয়ান-এ পাবেন, যারা সর্বদা আপনাদের সেবায় প্রস্তুত


আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ


এম.কে. জামান
ট্রাভেল কনসালটেন্ট
২৫ বছরের অভিজ্ঞ


কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ


রাজীব
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ


পুষ্প
ট্রাভেল কনসালটেন্ট
৫ বছরের অভিজ্ঞ

## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# Digital One Travel

JACKSON HEIGHTS NEW YORK

আপনার নিশ্চিত ভ্রমনের বিশ্বস্ত আয়োজক
৭২-৩০ রুজভেল্ট এভিনিউ, জ্যাকসন হাইটস, নিইইয়ক ১১৩৭২

## ফোন: 718-396-4890, 917-592-7828

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com *Terms & Condition may apply. See store for details.

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক
SE CI
সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE BANKING DEPARTMENT OF THE STATE OF NEW YORK, NEW JERSEY, GEORGIA, MARYLAND & MICHIGAN

সম্মানিত সুধী,
আস্‌সালামু আলাইকুম। আপনার সার্বিক সহযোগিতা এবং অকুণ্ঠ সমর্থনে বলীয়ান "সোনালী এক্সচেঞ্জ" এ বছর রজত জয়ন্তী (২৫ বৎসর) বর্ষ পূর্ণ করেছে। এ সাফল্যের কৃতিত্ব সকল প্রবাসী বাংলাদেশীর। সর্বস্তরের প্রবাসীগণ, সম্মানিত গ্রাহক ও তাদের পরিবারের সকল সদস্য, কমিউনিটির নেতৃবর্গ, সাংবাদিক বৃন্দ ও সংশ্লিষ্ট কর্তপক্ষসহ সকলের সার্বিক সমর্থনে আমাদের এ অগ্রযাত্রা সম্ভব হয়েছে।

দেশে-বিদেশে সম্মানিত গ্রাহকগণের আস্থা, সরকার ও সোনালী ব্যাংক কর্তৃপক্ষের দিকনির্দেশনা এবং রেমিটেন্স বিতরণকারী সকল ব্যাংকের শাখাসমূহের অকুণ্ঠ সহযোগিতা আমাদের পাথেয়। আপনাদের সকলের নিকট আমরা কৃতজ্ঞ।

সোনালী এক্সচেঞ্জ এর পক্ষ থেকে সকলকে
প্রাণঢালা শুভেচ্ছা

রজত জয়ন্তী ২৫ বৎসর

বৈধ পথে সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স প্রেরণ করুন।
সরকার প্রদত্ত ২% নগদ প্রণোদনা গ্রহণ করুন।

রেমিটেন্স প্রেরণ ও এ সংক্রান্ত তথ্যের জন্য আমাদের নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

| ASTORIA | ATLANTA | BROOKLYN | BRONX | JACKSON HTS |
|---|---|---|---|---|
| 718-777-7001 | 770-936-9906 | 718-853-9558 | 718-822-1081 | 718-507-6002 |
| JAMAICA | MANHATTAN | MICHIGAN | OZONE PARK | PATERSON |
| 347-644-5150 | 212-808-0790 | 313-368-3845 | 347-829-3875 | 973-595-7590 |

দেশের সর্বত্র সোনালী ব্যাংকের সকল শাখায় তাৎক্ষণিকভাবে স্পট ক্যাশ ও যে কোন ব্যাংক একাউন্টে অর্থ পাঠানো হয়।
ঘরে, অফিসে অথবা যে কোন স্থান থেকে বাংলাদেশে অর্থ পাঠাতে লগ ইন করুন www.sonaliexchange.com

## যুক্তরাষ্ট্রের বিক্ষোভ পুঞ্জীভূত ক্ষোভের প্রকাশ

৬ পৃষ্ঠার পর

প্রতিবাদ-বিক্ষোভকে সন্ত্রাসবাদ বলছেন, এটি বাস্তবসম্মত নয়। এটা সত্য, প্রতিবাদ-বিক্ষোভ থেকে লুটপাট হয়েছে; কিন্তু প্রতিবাদকারীরাই এতে প্রত্যাখ্যানও করেছেন। ট্রাম্প মূলত বিভক্তি বাড়াচ্ছেন, তিনি সামরিক বাহিনী পাঠানোর হুমকি দিয়েছেন। তবে এটি তার স্বভাবসুলভ বাড়াবাড়িই বলা যায়। কারণ তার পররাষ্ট্রমন্ত্রী ও প্রতিরক্ষামন্ত্রী– যারা দু'জনই বর্তমান ও সাবেক জেনারেল, তারা ট্রাম্পের বলপ্রয়োগের চিন্তা বাতিল করে দিয়েছেন। সুধীজনের ধারণা, অতি বলপ্রয়োগে পরিস্থিতি আরও খারাপ হবে। এটি আগুনে ঘি ঢেলে দেয়ার মতো হিতে বিপরীণ হতে পারে। আমার মনে হয়, পরিস্থিতি স্বাভাবিক হয়ে আসবে দ্রুত। কারণ বুধবার মিনেসোটার অ্যাটর্নি জেনারেল পুলিশ কর্মকর্তাদের গ্রেফতাদের সিদ্ধান্ত নিয়েছেন। এর মধ্যে একজনের বিরুদ্ধে ইচ্ছাকৃত হত্যা ও বাকিদের বিরুদ্ধে হত্যায় সহযোগিতার অভিযোগ আনা হয়েছে। এতে বিক্ষোভ খানিকটা স্তিমিত হবে। কিন্তু সমঅধিকার, বৈষম্য, বর্ণবাদ ইত্যাদি ইস্যু অনুরণিত হবে।

সামনের দিনগুলোর কথা বিবেচনায় নিলে সবার সমবিচারের দাবি, বৈষম্যবিরোধী ডাক, বর্ণবৈষম্য নিরোধ এবং স্বাস্থ্যবীমা তথা ওবামাকেয়ার- এগুলো আলোচনায় থেকে যাবে। আপাতদৃষ্টিতে স্তিমিত হলেও আগামী নির্বাচনে এগুলো ঘুরেফিরে আসবে। সম্ভাব্য ডেমোক্রেটিক প্রেসিডেন্ট প্রার্থী জো বাইডেন এরই মধ্যে গুলি নিয়ন্ত্রণ, ওবামাকেয়ার ও বর্ণবাদবিরোধী উদ্যোগ নেয়ার কথা বলেছেন। ছাত্রদের ঋত মওকুফ করার কথাও তিনি বলেছেন। যুক্তরাষ্ট্রে পড়াশোনার খরচ অনেক এবং ছাত্রদের ঋত করে পড়াশোনা করতে হয়। এগুলোর ওপর জোর দিয়ে যদি বাইডেন অগ্রসর হন, তবে ইতিবাচক পরিবর্তন আসতে পারে। কারণ ট্রাম্প যেভাবে পরিস্থিতি মোকাবেলার উদ্যোগ নিয়েছেন তাতে তার রেটিং কমেছে। ট্রাম্পের ঘৃণা নাকি বিপরীতে ভালোবাসা- সেটা দেখা যাবে আগামী দিনে। আমি আন্দাজ করছি, একটা রোডম্যাপ নিয়ে এগোনো গেলে গোটা বিশ্বের মানুষের স্বপ্ন, আমেরিকার স্বপ্ন ইতিবাচক মোড় নেবে।

**লেখক: সাবেক রাষ্ট্রদূত।**

## কাছ থেকে দেখা দেশের

৭ পৃষ্ঠার পর

চাই। মন্ত্রণালয় ও অধিদফতরের অব্যবস্থাপনা, সমন্বয়হীনতা ও বিকৃঙ্খলার অবসান চাই। প্রশাসনের ব্যর্থতার দায়ভার চিকিৎসকরা বহন করবেন কেন? ডেঙ্গু চিকিৎসায় আমরা জীবন দিয়েছি, আগামী দিনের সব প্রয়োজনে আমরা সাহসিকতার সঙ্গে লড়তে চাই। আর ভর্ৎসনা নয়, আমরা আমাদের কাজের যোগ্য মর্যাদা চাই। বঙ্গবন্ধুর বিচক্ষুতার মতো মন্ত্রণালয়ের নীতিনির্ধারণী সর্বোচ্চ পদে চিকিৎসকদের পদায়িত হতে দেখতে চাই। কর্মক্ষেত্রে বারবার ব্যর্থ কিংবা সরকারের চিন্তা ও চেতনাবিরোধী ব্যক্তিদের স্বাস্থ্য মন্ত্রণালয়ের কোথাও দেখতে চাই না। যোগ্য ও দক্ষ স্বাস্থ্য প্রশাসকদের অধিদফতরে দেখতে চাই। সব দুর্নীতির বিচার চাই। শেখ হাসিনার নেতৃত্বে স্বাস্থ্যব্যবস্থা জনকল্যাণমুখী হবেই। তিনিই এদেশের সব আশা-আকাঙ্ক্ষার শেষ বাতিঘর।

**লেখক: মহাসচিব, বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশন (বিএমএ)।**

## আমেরিকায় বিক্ষোভের প্রতি বিশ্ববাসীর সংহতি

৫ পৃষ্ঠার পর

ম্যুরাল এঁকেছেন, যাতে লেখা, 'আমিও শ্বাস নিতে পারছি না'। সেইসঙ্গে সাহসী ঘোষণা, 'বর্ণবাদকে না'। লন্ডনে মার্কিন দূতাবাসের সামনে বিক্ষোভ দেখান কয়েক হাজার মানুষ।

